# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Chaitra 11, 1430 Bangla, March 25, 2024, Monday, No. 85, 54th year

# H I G H L I G H T S

PM Sheikh Hasina expresses regret that the world is watching the killings at the hands of the Israeli forces without taking any effective steps to stop the genocide in Gaza. (R. Tehran: 9)

AL GS says, BNP wants to destroy our achievements in the name of boycotting Indian products. When asked whether there is any thought of mid-term elections, the minister said, there is nothing in our constitution called mid-term elections." (Jago FM: 19)

BNP SJSG Ruhul K Rizvi says, the most popular word in today's politics is 'Boycott Indian product'. People support the movement due to long-standing humiliation, deprivation & insultment. (Jago FM: 18)

Recently, the 'India issue' has been quite rigorous in politics of BD, especially between BNP & AL. The so-called 'India Out' campaign has also gained further footing on social media. (BBC: 4)

"BD Sample Vital Statistics 2023" says, the rate of young people who are not in education, work or training is 39.88%. Although this rate has decreased slightly, in 2022, this rate was 40.67%. (VOA: 6)

BD has decided to open an account in the People's Bank of China to start direct transactions with China while increasing transactions in alternative currencies to the dollar. (BBC: 3)

One more person died in the fire incident due to gas cylinder leakage at Kaliakore in Gazipur taking the death toll to 16. (R. Today: 14)

The fire in the capital's Karail slum has been brought under control. However, before the fire was brought under control, many houses of the slum were burnt to ashes. (Jago FM: 15)

To make the elections participatory and increase voter turnout, govt decides to hold local election without party simbol. However, in the past such steps failed to increase voter turnout. (Jago FM: 17)

Dinajpur district administration has stopped the construction of a mosque which was inaugurated by the MP of Dinajpur-1 constituency on the land of the traditional Kantjiu temple at Kaharole. (DW: 10)

The ownerside of the ship MV Abdullah say that they will not support any military operation to free the Bangladeshi ship, held hostage by Somali pirates. (VOA: 7)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর,**
**বাংলাদেশ বেতার, ঢাকা**
**চৈত্র ১১, বাংলা ১৪৩০, মার্চ ২৫, ২০২৪, সোমবার, নং- ৮৫, ৫৪তম বছর**

# শিরোনাম

বিশ্ববাসী গাজায় হত্যা বন্ধে কার্যকর কোনো পদক্ষেপ না নিয়ে ইসরাইলি বাহিনীর হাতে হত্যাকাণ্ড দেখছে বলে দুঃখ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। (রে. তেহরান : ৯)

বিএনপি ভারতীয় পণ্য বর্জনের নামে আমাদের অর্জনকে ধ্বংস করতে চায় বলে মন্তব্য করেছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। একই সঙ্গে মধ্যবর্তী নির্বাচনের কোনো চিন্তা আছে কি না জানতে চাইলে মন্ত্রী বলেন, আমাদের সংবিধানে মধ্যবর্তী নির্বাচন বলতে কিছু নেই। (জাগো এফএম : ১৯)

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, আজকের রাজনীতিতে সবচেয়ে সমাদৃত শব্দ ‘ভারতীয় পণ্য বর্জন’। দীর্ঘদিনের অপমান, বঞ্চনা ও লাঞ্ছনার পরিপ্রেক্ষিতে বাংলাদেশের জনগণ ভারতীয় পণ্য বর্জনে সমর্থন দিয়েছে। (জাগো এফএম : ১৮)

বাংলাদেশে রাজনীতিতে ইদানীং বেশ জমে উঠেছে 'ভারত ইস্যু', বিশেষ করে বিরোধী দল বিএনপি ও সরকারি দল আওয়ামী লীগের নেতাদের মধ্যে এ নিয়ে রীতিমত রাজনৈতিক তর্কবিতর্ক চলছে। কথিত 'ইন্ডিয়া আউট' বা ভারতীয় পণ্য বর্জনের যে ক্যাম্পেইন, সেটিও সামাজিক মাধ্যমে আরও ডালপালা মেলেছে। (বিবিসি : ৪)

‘বাংলাদেশ স্যাম্পল ভাইটাল স্ট্যাটিসটিকস ২০২৩’ বলছে শিক্ষা, কর্মে কিংবা প্রশিক্ষণে নেই দেশে এমন তরুণের হার ৩৯ দশমিক ৮৮ শতাংশ। যদিও এই হার কিছুটা কমেছে। ২০২২ সালে এই হার ছিল ৪০ দশমিক ৬৭ শতাংশ। (ভোয়া : ৬)

ডলারের বিকল্প মুদ্রায় লেনদেন বাড়াতেই চীনের সঙ্গে সরাসরি লেনদেন চালু করতে সে দেশের কেন্দ্রীয় ব্যাংক পিপলস ব্যাংক অব চায়নায় অ্যাকাউন্ট খোলার সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ। (বিবিসি : ৩)

গাজীপুরের কালিয়াকৈরে গ্যাস সিলিন্ডার লিকেজ থেকে আগুনের ঘটনায় আরো একজন মারা গেছেন। এ নিয়ে ঘটনাটিতে ১৬ জনের মৃত্যু হল। (রে. টুডে : ১৪)

রাজধানীর কড়াইল বস্তিতে লাগা আগুন নিয়ন্ত্রণে এসেছে। আগুন নিয়ন্ত্রণে কাজ করে ফায়ার সার্ভিসের ১২ ইউনিট। তবে আগুন নিয়ন্ত্রণে আসার আগেই বস্তির অনেক ঘর পুড়ে ছাই হয়ে যায়। (জাগো এফএম : ১৫)

নির্বাচন জমজমাট ও অংশগ্রহণমূলক করতে স্থানীয় সরকার নির্বাচনে দলীয় প্রতীকে ভোট থেকে সরে আসে সরকার। দলীয় প্রতীকবিহীন নির্বাচনে ভোটার উপস্থিতি বাড়ানো ছিল মূল লক্ষ্য। তবে বাড়েনি ভোটার উপস্থিতি। (জাগো এফএম : ১৭)

দিনাজপুরের কাহারোলে ঐতিহ্যবাহী কান্তজিউ মন্দিরের জমিতে মসজিদ নির্মাণের কাজ বন্ধ করে দিয়েছে জেলা প্রশাসন।গত পহেলা মার্চ দিনাজপুর-১ আসনের সংসদ সদস্য জাকারিয়া জাকা মসজিদের নির্মাণকাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। (ডয়চে ভেলে: ১০)

সোমালি জলদস্যুদের হাতে জিম্মি বাংলাদেশী জাহাজ এমভি আব্দুল্লাহকে মুক্ত করতে কোনো ধরনের সামরিক অভিযানকে সমর্থন করবে না বলে জানিয়েছে জাহাজটির মালিকপক্ষ। (ভোয়া : ৭)

# বিবিসি

## চীনের কেন্দ্রীয় ব্যাংকে যে কারণে অ্যাকাউন্ট খুলছে বাংলাদেশ

চীনের সঙ্গে সরাসরি লেনদেন চালু করতে সে দেশের কেন্দ্রীয় ব্যাংক পিপলস ব্যাংক অব চায়নায় অ্যাকাউন্ট খোলার সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ। ডলারের বিকল্প মুদ্রায় লেনদেন বাড়াতেই বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংক বাংলাদেশ ব্যাংক এই উদ্যোগ নিয়েছে। বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র ও নির্বাহী পরিচালক মেজবাউল হক বিবিসি বাংলাকে জানান, "বিশ্বের বিভিন্ন দেশের কেন্দ্রীয় ব্যাংকের সাথে আমরা অ্যাকাউন্ট মেইনটেইন করি। ইউয়ান আমাদের অফিসিয়াল অ্যাপ্রুভ কারেন্সি। এতদিন খোলা হয়নি। এখন আমরা এই অ্যাকাউন্ট খুলতে চাচ্ছি। তবে কবে নাগাদ এই অ্যাকাউন্ট খোলা হবে টাইমলাইন এখনই বলা যাচ্ছে না। তবে প্রক্রিয়া অগ্রসর হয়েছে", আরও জানান তিনি। বিশেষজ্ঞরা বলছেন, চীনের মাধ্যমে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ঋণ পরিশোধই এই উদ্যোগের অন্যতম উদ্দেশ্য।এর ফলে ডলারের উপর নির্ভরতা কমবে বলে মনে করেন ব্যাংকাররা। কারণ যখন অন্য মুদ্রায় লেনদেন করা যাবে তখন বৈদেশিক মুদ্রার চাপ ডলারের উপর পড়বে না। বাংলাদেশ ব্যাংকের বর্তমানে যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় ব্যাংক ফেডারেল রিজার্ভ ব্যাংক অব নিউ ইয়র্ক, ব্যাংক অব ইংল্যান্ড, সুইটজারল্যান্ড, জাপান, অস্ট্রেলিয়া, ভারত, ইতালি, ফ্রান্স-সহ ১১টি দেশের কেন্দ্রীয় ব্যাংকে অ্যাকাউন্ট রয়েছে। 'নস্ট্রো' অ্যাকাউন্টের মাধ্যমে বিভিন্ন বাণিজ্যিক ব্যাংকের লেনদেন নিষ্পত্তি হয়। চীনের সঙ্গে লেনদেন নিষ্পত্তিতে এইচএসবিসি বেশি ব্যবহার হয় । ২০২২ সাল থেকে চীনের মুদ্রা ইউয়ানে অ্যাকাউন্ট খোলার সুযোগ দেয় বাংলাদেশ ব্যাংক। তীব্র ডলার সংকটের কারণে বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রে বিকল্প মুদ্রা ব্যবহারের বিষয়টি আলোচনায় আসে। বিশ্বের পাঁচটি দেশের মুদ্রাকে আন্তর্জাতিক মুদ্রা তহবিল বা আইএমএফ 'হাই ভ্যালু কারেন্সি' হিসেবে স্বীকৃতি দিয়েছে। চীনের ইউয়ান তাদের মধ্যে অন্যতম। ২০১৬ সালে আইএমএফ-এর কারেন্সি বাস্কেটে ইউয়ান স্বীকৃতি পেয়েছে। এরপর থেকে আইএমএফ-র পর্যালোচনায় মুদ্রা হিসেবে ইউয়ান আগের চেয়ে শক্তিশালী হয়েছে।

তবে, যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় ব্যাংক ফেডারেল রিজার্ভ ব্যাংক অব নিউইয়র্কের মাধ্যমেই বাংলাদেশের অধিকাংশ লেনদেন হয়। বাংলাদেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভেরও বেশির ভাগ রক্ষিত আছে সেখানে। বাংলাদেশ থেকে বৈদেশিক মুদ্রায় অন্য যে কোনও দেশের লেনদেন নিষ্পত্তির বার্তা পাঠানোর একমাত্র উপায় 'সুইফট'। বাংলাদেশ এখনও পর্যন্ত সোসাইটি ফর ওয়ার্ল্ডওয়াইড ইন্টার-ব্যাংক ফাইন্যান্সিয়াল টেলিকমিউনিকেশন-টিই (সুইফট) ব্যবহার করে। ডলারের প্রভাব কমিয়ে বিকল্প মুদ্রায় লেনদেন করার জন্য যুক্তরাষ্ট্র ও ইউরোপের বাইরে বড় অর্থনীতির কয়েকটি দেশ বেশ আগে থেকে চেষ্টা করছিল। এ ক্ষেত্রে সবচেয়ে এগিয়ে আছে রাশিয়া ও চীন। গত বছরের জুলাই থেকে ভারতের সাথে সরাসরি রুপিতে লেনদেন করার ব্যবস্থা চালু হয়েছে। ২০১৬ সাল থেকে রাশিয়া বাংলাদেশকে তাদের কেন্দ্রীয় ব্যাংকের লেনদেনের বার্তা প্রেরণ ব্যবস্থা ফাইন্যান্সিয়াল মেসেজিং সিস্টেমে (এসপিএফসি) যুক্ত করতে চেষ্টা চালাচ্ছে। বাংলাদেশের রূপপুরে রাশিয়ার ঋণে যে পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প হচ্ছে করোনা পরবর্তী সময়ে তার ঋণের কিস্তি ফেরত দেওয়া নিয়ে জটিলতা তৈরি হয়। ২০২২ সালে রাশিয়া-ইউক্রেন যুদ্ধ শুরু হওয়ার পর থেকে আমেরিকা ও ইউরোপ রাশিয়ার ওপর বিভিন্ন রকম নিষেধাজ্ঞা দিয়েছে। এসব নিষেধাজ্ঞার মূল উদ্দেশ্য ছিল রাশিয়ার অর্থনৈতিক লেনদেনের রাস্তা সংকীর্ণ করে দেয়া। যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞার ফলে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্পের প্রাথমিক কাজের জন্য নেওয়া বাংলাদেশের ঋণ পরিশোধও বাধাগ্রস্ত হয়। যুদ্ধের পর ডলারের ওপর ব্যাপক চাপ তৈরি হয়। মূল্যস্ফীতি নিয়ন্ত্রণের জন্য যুক্তরাষ্ট্র-সহ অনেক দেশই সুদের হার বাড়িয়ে দেয়। বিশ্বের বিভিন্ন দেশ থেকে যুক্তরাষ্ট্রে প্রচুর ডলার চলে গেছে। বাংলাদেশে ২০২১ সালে ৮৪ টাকায় থাকা ডলার এখন ১১৭ টাকা থেকে ১১৯ টাকায় কিনতে হয়। আর রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের চুক্তি অনুসারে ঋণের প্রথম ধাপের সুদের কিস্তি শোধ হচ্ছিলো ডলারে। এই যুদ্ধের জেরে পশ্চিমা দেশগুলো ২০২২ সালে আর্থিক লেনদেনের আন্তর্জাতিক নেটওয়ার্ক সুইফট থেকে রাশিয়াকে বের করে দেয়। ফলে ঋণ পরিশোধ করা নিয়ে জটিলতায় পড়ে বাংলাদেশ। রূপপুর প্রকল্পের জন্য রাশিয়ার কাছ থেকে ১ হাজার ১৩৮ কোটি ডলার ঋণ নিয়েছিল বাংলাদেশ। যার ঋণের কিস্তি শোধ ২০২৭ সালের মার্চ থেকে শুরু হওয়ার কথা। চুক্তির শর্ত অনুযায়ী, ১০ বছরের গ্রেস পিরিয়ডসহ রূপপুরের ঋণ শোধ করতে হবে ২৮ বছরে।

সংশ্লিষ্টরা জানান, এর ফলে দেশটির পাওনা প্রায় ৪০০ মিলিয়ন ডলার সোনালী ব্যাংকে একটি 'স্ক্রো' অ্যাকাউন্ট খুলে সেখানে জমা রাখা হচ্ছে। বৈশ্বিক ধারাবাহিকতায় বাংলাদেশ ও রাশিয়া ডলারের বিকল্প মুদ্রা ইউয়ানে ঋণ শোধের বিষয়ে সিদ্ধান্ত নেয়। যেটি বিশ্বব্যাপী স্বীকৃত চীনা নেটওয়ার্ক ক্রস বর্ডার ইন্টার-ব্যাংক পেমেন্ট সিস্টেম (সিআইপিএস) নামে পরিচিত। চীনের কেন্দ্রীয় ব্যাংকে অ্যাকাউন্ট খোলা ও দেশটির লেনদেন ব্যবস্থায় যুক্ত হয়ে রাশিয়ার ঋণ শোধের এই উদ্যোগ নেওয়া হচ্ছে। এরই প্রেক্ষাপটে ২০২৩ সালের এপ্রিলে রূপপুরের পাওনা রাশিয়াকে পরিশোধ না করে পিপলস ব্যাংক অব চায়নার মাধ্যমে পরিশোধের জন্য একটি প্রটোকল চুক্তি সই হয়। বাংলাদেশ ব্যাংকের একটি প্রতিনিধি দল চলতি মার্চ মাসের প্রথম সপ্তাহে চীনের আমন্ত্রণে দেশটি সফরে যায়। এ সময় চীনের কেন্দ্রীয় ব্যাংক পিপলস ব্যাংক অব চায়নার সঙ্গে বৈঠক করে প্রতিনিধি দলটি। একই সাথে ওই ব্যাংকে অ্যাকাউন্ট খোলা ও লেনদেনের বার্তা প্রেরণের মাধ্যম 'দ্য ক্রসবর্ডার ইন্টার-ব্যাংক পেমেন্ট সিস্টেমে' (সিআইপিএস) যুক্ত হওয়ার বিষয়ে আলোচনা হয় ওই বৈঠকে। বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র মেজবাউল হক বিবিসি বাংলাকে জানান, "প্রত্যেক কেন্দ্রীয় ব্যাংকেরই

অ্যাকাউন্ট খোলার কিছু প্রক্রিয়া রয়েছে। আমাদের সাথে অনেকের রয়েছে। আমাদেরও রয়েছে অনেক ব্যাংকে। ইতোমধ্যেই চীনের কেন্দ্রীয় ব্যাংকে অ্যাকাউন্ট খোলার প্রক্রিয়া শুরু হয়েছে। তবে টাইমলাইন বলা যাবে না এখনই।" যদিও রূপপুরের বিদ্যুৎ কেন্দ্র প্রকল্পের ঋণ পরিশোধের সাথে এই অ্যাকাউন্ট খোলার সম্পর্ক নেই বলে দাবি করেন তিনি। "কেন্দ্রীয় ব্যাংকের সাথে কেন্দ্রীয় ব্যাংকের সম্পর্ক কোনও স্পেসিফিক অ্যাকাউন্টের কারণে হয় না। ওভারঅল কারণে অ্যাকাউন্ট খোলা হয়। এটার সাথে কোন সম্পর্ক নেই", জানান তিনি। চীন ও ভারত এই দুটি দেশ থেকেই বাংলাদেশ সবচেয়ে বেশি পণ্য আমদানি করে থাকে। তবে রফতানি দুই দেশেই খুব কম হয়। অথচ যুক্তরাষ্ট্র ও ইউরোপীয় ইউনিয়ন থেকে মোট রফতানি আয়ের ৮৫ শতাংশের মতো আসে ।

বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, ২০২২-২৩ অর্থ বছরে চীন থেকে আমদানি হয়েছে এক হাজার ৭৮৩ কোটি ডলার। যা মোট আমদানির ২৬ দশমিক ১০ শতাংশ। অথচ দেশটিতে রফতানি হয়েছে মাত্র ৬৮ কোটি ডলার। আগের অর্থ বছরে দেশটি থেকে দুই হাজার ৮৮ কোটি ডলারের আমদানি হয়েছিল। যা ছিল মোট আমদানির ২৬ দশমিক ৫০ শতাংশ। আর রফতানি আয় এসেছিল এক বিলিয়ন ডলারেরও কম। ব্যাংকাররা বলছেন, বিশ্বের স্বীকৃত পাঁচটি কারেন্সির একটা বাস্কেট আছে। এগুলোর মাধ্যমে আন্তর্জাতিকভাবে স্বীকৃত বাণিজ্যের লেনদেন করা যায়। তবে, অন্য বৈদেশিক মুদ্রা ছাপিয়ে ডলারের প্রভাব এখনও বেশি। এক দেশের কেন্দ্রীয় ব্যাংকের সাথে আরেক দেশের কেন্দ্রীয় ব্যাংকের অ্যাকাউন্টে এসব স্বীকৃত বৈদেশিক মুদ্রায় রিজার্ভ রাখা হয়। বাংলাদেশ যখন অন্য দেশের ব্যাংকে অ্যাকাউন্ট করবে তখন এটাকে বলে 'নস্ট্রো' অ্যাকাউন্ট। আর অন্য দেশ বাংলাদেশে যে অ্যাকাউন্ট করবে সেটাকে বলা হয় 'ভ্রস্ট' অ্যাকাউন্ট। এসব অ্যাকাউন্টের মাধ্যমে লেনদেনের কাজ সম্পন্ন হয়। সাবেক ব্যাংকার নূরুল আমিন বিবিসি বাংলাকে বলেন, "ইউয়ান স্বীকৃত ফরেন কারেন্সি। যেহেতু রাশিয়ার উপর নিষেধাজ্ঞা আছে, তাই এখন ভায়া হয়ে এই ইউয়ানে ট্রানজাকশন হবে। যদি সবাই অ্যাক্সেপ্ট করে তবে তাতে সমস্যা নাই। এখানে মূল বিষয় হচ্ছে ডলারের ডিপেন্ডেন্স কমবে। যখন আমি অন্য বৈদেশিক মুদ্রায় লেনদেন করব তাহলে ওই ফরেন কারেন্সির চাপটা ডলারের উপর পড়ে না। এভাবেই বিভিন্ন কারেন্সিতে শিফট করা যাবে। যেকোন সেন্ট্রাল ব্যাংক এ ধরনের কনভারশন করতে পারে", বলেন মি. আমিন। (বিবিসি ওয়েব পেজ:২৪.০৩.২০২৪ রিহাব)

## ভারত ইস্যুতে হঠাৎ বাংলাদেশের রাজনীতি এত কেন সরগরম?

বাংলাদেশে রাজনীতিতে ইদানীং বেশ জমে উঠেছে 'ভারত ইস্যু', বিশেষ করে বিরোধী দল বিএনপি ও সরকারি দল আওয়ামী লীগের নেতাদের মধ্যে এ নিয়ে রীতিমতো রাজনৈতিক তর্কবিতর্ক চলছে। ভারত নিয়ে প্রকাশ্যে পাল্টাপাল্টি বক্তব্যের রেশ ছড়িয়ে পড়েছে সামাজিক মাধ্যমেও। পাশাপাশি নির্বাচনের পর থেকেই ক্ষমতাসীন আওয়ামী লীগ-বিরোধী কয়েকটি দলের তৎপরতায় শুরু হওয়া কথিত 'ইন্ডিয়া আউট' বা ভারতীয় পণ্য বর্জনের যে ক্যাম্পেইন, সেটিও সামাজিক মাধ্যমে আরও ডালপালা মেলেছে। আবার ভারত বিরোধী এই প্রচারণা নিয়ে পাল্টা প্রতিক্রিয়া দেখিয়ে অনেকে একে 'ট্র্যাডিশনাল ভারত বিরোধী রাজনীতি' হিসেবেও আখ্যায়িত করেছেন। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ আজ রবিবার এক প্রেস ব্রিফিংয়ে বলেছেন ভারতীয় পণ্য বয়কটের ডাক দেওয়ার উদ্দেশ্য হচ্ছে 'বাজারকে অস্থিতিশীল করে পণ্যের দাম বাড়ানো'। "সব ভারতীয় পণ্য বাদ দিয়ে বাংলাদেশের বাজার ব্যবস্থা কখনও ঠিক রাখা যাবে?'', প্রশ্ন তুলেছেন তিনি। এই অভিযোগ প্রত্যাখ্যান করে বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায় আবার বলেছেন ভারত নিয়ে 'জনমনে ক্ষোভ তৈরি হয়েছে বলেই' এটি রাজনৈতিক আলোচনায় এসেছে। "নির্বাচন আসলেই ভারত কোনও রাখঢাক না করেই সক্রিয় হয় বলেই মানুষ ভোট দিতে পারেনি বা বঞ্চিত হয়েছে। সে বঞ্চনা থেকেই ক্ষোভ তৈরি হয়েছে। মানুষের ক্ষোভ কমানোর কাজ তো বিএনপির না", বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। অন্য দিকে আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য এবং বস্ত্র ও পাটমন্ত্রী আব্দুর রহমান বিবিসি বাংলাকে বলছেন এটি বিএনপির 'আজন্ম ভারত বিরোধী রাজনীতির ধারাবাহিকতা'। "তারা এটি করছে রাজনৈতিক ফায়দা লোটার জন্য কিন্তু মানুষ তা প্রত্যাখ্যান করছে", মন্তব্য করেন মি রহমান। ভারত নিয়ে বিএনপি ও আওয়ামী লীগের পাল্টাপাল্টি বক্তব্যের কারণ সম্পর্কে রাজনৈতিক বিশ্লেষক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক জোবাইদা নাসরীন বলছেন, "বিএনপি বা সমমনা দল বা দলের নেতারা কেউ কেউ যখন ভারতীয় পণ্য বর্জন বা ভারত বিরোধিতাকে মাঠে নিয়ে আসেন তখন রাজনৈতিক কারণেই আওয়ামী লীগ তার কাউন্টার দিয়ে ভারতের ভূমিকার যৌক্তিকতা ব্যাখ্যা করতে চাইছে।" বাংলাদেশের বিরোধী দল বিএনপির রাজনীতিতে ভারত বিরোধিতার ইতিহাস নতুন নয়। তবে বিগত দশ-পনেরো বছরে দলটির মধ্যে একটি অংশ বিভিন্ন সময়ে ভারতের সাথে সুসম্পর্ক তৈরির চেষ্টাও করেছে। আবার কখনো দলের মধ্যেই ভারত বিরোধী গ্রুপ শক্তিশালী হয়ে সে চেষ্টাকে ব্যাহতও করেছে ।

২০১৩ সালে ভারতের তখনকার রাষ্ট্রপতি প্রণব মুখার্জীর ঢাকা সফরকালে সে সময়কার বিরোধী দলীয় নেত্রী হিসেবে বিএনপি চেয়ারপার্সন খালেদা জিয়ার সাক্ষাৎ বাতিলের সিদ্ধান্তকে তারই একটি উজ্জ্বল দৃষ্টান্ত হিসেবে বিবেচনা করেন অনেকে। পরে অবশ্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ঢাকা সফরের সময় হোটেলে গিয়ে তার সঙ্গে সাক্ষাৎ করেছিলেন মিসেস জিয়া। ২০১৪ সালে বাংলাদেশের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল বিএনপি-র বর্জন সত্ত্বেও এবং সে নির্বাচনের আগে ভারতীয় কূটনীতিকদের দৌড়ঝাঁপ দেখেও বিএনপি এ নিয়ে তখন খুব একটা উচ্চবাচ্য করেনি। তবে ২০১৮ সালের নির্বাচনের পর বিএনপিকে ভারত ইস্যুতে সরব হতে দেখা যায়। ২০১৯ সালে প্রধানমন্ত্রী শেখ হাসিনার

ভারত সফরকালে দুই দেশের চুক্তি সম্পাদনের প্রতিবাদে মাঠে নেমেছিল বিএনপি। সর্বশেষ বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীতে ২০২১ সালে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ঢাকা সফরের প্রতিবাদে বাংলাদেশে যে সহিংস বিক্ষোভ হয়েছিল সেটিও বিএনপি-সহ বিরোধী দলগুলোর সঙ্গে দিল্লির দূরত্ব বাড়িয়েছে বলে মনে করেন অনেকে। এবার দ্বাদশ সংসদ নির্বাচনের আগে থেকেই ভারতের ভূমিকায় ক্ষোভ প্রকাশ করে আসছিল বিএনপি। দলটির নেতারা মনে করেন অবাধ ও সুষ্ঠু নির্বাচনের জন্য যুক্তরাষ্ট্র-সহ পশ্চিমারা আওয়ামী লীগ সরকারের ওপর যে চাপ তৈরি করেছিল সেটি ভেস্তে গেছে মূলত ভারতের অনড় ভূমিকার কারণে। "নির্বাচন আসলেই ভারতীয় নেতারা সক্রিয় হন। চারটি নির্বাচনে মানুষ ভোট দিতে পারেনি বলেই ক্ষোভ তৈরি হয়েছে জনমনে। জনগণের আন্দোলন থামানো তো বিএনপির কাজ না", বিবিসি বাংলাকে বলছিলেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায়।

নির্বাচনের কিছু দিন পরেই ভারতকে প্রত্যাখ্যানের আওয়াজ তোলেন বিএনপির সঙ্গে যুগপৎ আন্দোলনে থাকা গণ অধিকার পরিষদের নেতা তথা ডাকসুর সাবেক ভিপি নুরুল হক নুর। এরপরেই 'ইন্ডিয়া আউট' বা ভারতীয় পণ্য বর্জনের আন্দোলন শুরু হয় এবং একটা পর্যায়ে গত ২১শে মার্চ বিএনপির মুখপাত্র ও সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী নিজেও এই আন্দোলনে সংহতি জানান। এরপরে প্রতিক্রিয়া আসে ক্ষমতাসীন আওয়ামী লীগের তরফ থেকে। দলটির সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের এক অনুষ্ঠানে বলেন রাজনৈতিক কোনও ইস্যু না পেয়ে বিএনপি ভারত বিরোধিতা শুরু করেছে। তিনি বলেন, "পাকিস্তান আমল থেকে যে অপপ্রচার শুনেছি, কোনও রাজনৈতিক ইস্যু যখন থাকে না, তখন একটাই ইস্যু আওয়ামী লীগের বিরুদ্ধে নিয়ে আসে। আগে বঙ্গবন্ধুর বিরুদ্ধে আনত আর এখন শেখ হাসিনার বিরুদ্ধে আনে। সেটা হচ্ছে ভারত বিরোধিতার ইস্যু।" এর আগে ১৬ই মার্চ সামাজিক মাধ্যমে 'ইন্ডিয়া আউট' ক্যাম্পেইনের সমালোচনা করেন মি. কাদের। তখন তিনি বলেন, "ভারত বিরোধী মনোভাব কেন জাগ্রত করার চেষ্টা করা হচ্ছে? যারা নির্বাচনে আসেনি, এটি তাদের অপপ্রচারের একটা ঢাল। আওয়ামী লীগ যখন ক্ষমতায় থাকে, তখন ভারত বিরোধিতায় লিপ্ত হয় একটি মহল। এখনো তারা সেটি করছে।" এরপর ২২ মার্চ দলের ধানমন্ডির কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি আবার এ নিয়ে কথা বলেন। সে সময় তিনি বলেন, "ভারতীয় পণ্য বয়কটের নামে বিএনপি দেশের বাজারব্যবস্থাকে অস্থির করার গভীর ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে। বিএনপির ডাকে জনগণ সাড়া দেবে না।" অন্য দিকে বিএনপির ভাইস চেয়ারম্যান মেজর (অবসরপ্রাপ্ত) হাফিজ উদ্দিন আহমেদ মন্তব্য করেন, "একটি রাষ্ট্রের প্রতি নতজানু পররাষ্ট্রনীতি বর্তমান শাসক দলের অভ্যাস। দিল্লি আছে, তারা আছে ... এ ধরনের কথা বলতে আওয়ামী লীগের লজ্জাবোধ হয় না।" বিবিসি বাংলাকে গয়েশ্বর চন্দ্র রায় বলছেন, "বিএনপি কোনও দেশের বিরুদ্ধে নয়। তবে জাতীয়তাবাদী রাজনীতির জন্য যা করা দরকার বিএনপি সেটিই করবে। বারবার আমাদের দেশের নির্বাচনে সক্রিয় হয়ে ভারত মানুষকে ভোটাধিকার থেকে বঞ্চিত করেছে বলেই তারা এখন আন্দোলন করছে। আমরা কেন তাতে বাধা দিব?", বলেন মি রায়।

অন্যদিকে মন্ত্রী আব্দুর রহমান বলছেন, "ভারত বিরোধী বক্তব্য হঠাৎ করে রাজনীতিতে এনে অস্থিরতা তৈরি করে একটি অশুভ শক্তি রাজনৈতিক ফায়দা লোটার অপচেষ্টায় লিপ্ত। তাদের জনগণ প্রত্যাখ্যান করেছে"। তিনি বলেন ভারতসহ প্রতিটি উন্নয়ন সহযোগী দেশ দ্বাদশ সংসদ নির্বাচন অবাধ ও নিরপেক্ষভাবে আয়োজনে সহায়তা করেছে 'গণতন্ত্রের স্বার্থেই'। রাজনৈতিক বিশ্লেষক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক জোবাইদা নাসরীন বলছেন বাংলাদেশের রাজনীতিতে ভারত সবসময় গুরুত্বপূর্ণ এবং বর্তমান বাস্তবতাতেও তাদের ভূমিকা আছে। "ফলে বিএনপি বা তাদের সমমনা কেউ যখন ভারতীয় পণ্য বর্জনের ডাক দেয় কিংবা ভারত বিরোধিতা করে কথা বলতে থাকে তখন রাজনৈতিক কারণেই আওয়ামী লীগকে তার কাউন্টার বা পাল্টা জবাব দিতে হয়," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। তার মতে দল দুটির রাজনীতিতেও ভারতের প্রভাব আছে। "যেহেতু বিএনপি মানুষের সেন্টিমেন্টকে উস্কে দিচ্ছে সে কারণে আওয়ামী লীগকে তার যে ভারতের সাথে সুসম্পর্ক আছে, সে জায়গা থেকে কথা বলতে হচ্ছে। বিএনপি চায় মানুষকে উস্কে দিয়ে ভারত বিরোধিতার নামে আওয়ামী লীগকে কোণঠাসা করতে। সে কারণেই আওয়ামী লীগের দিক থেকেও পাল্টা প্রতিক্রিয়া দেখা যাচ্ছে", বলছেন তিনি।

জোবাইদা নাসরীন অবশ্য মনে করেন সামনে যেহেতু ভারতের নির্বাচন, বিরোধী দলগুলোর ভারত-বিরোধিতায় জোর দেওয়ার সেটিও একটি কারণ হতে পারে। "ভারতের নির্বাচনে বাংলাদেশের সেই অর্থে প্রভাব নেই। বিএনপি ও আওয়ামী লীগের বাতচিতও তাদের জন্য গুরুত্বপূর্ণ না। কিন্তু বিএনপির মধ্যে নরেন্দ্র মোদী বিরোধী ক্ষোভ তৈরি হয়েছে। তাই ভারতের নির্বাচনকে সামনে রেখে বাংলাদেশে মোদী বিরোধী মনোভাব আরও উস্কে দেয়ার সুযোগটা হয়তো বিরোধীরা নিতে চাইছে। এসব কারণে ভারত ইস্যু রাজনীতির মাঠে সামনে চলে এসেছে", বিবিসি বাংলাকে বলছিলেন তিনি।

এদিকে বিএনপি ও আওয়ামী লীগের পাল্টাপাল্টি অবস্থানের মধ্যেই 'বয়কট ইন্ডিয়ান প্রোডাক্টস' নামে ফেসবুক গ্রুপ খুলে ক্যাম্পেইন শুরু করেছেন এই প্রচারণার সমর্থকদের একটি অংশ। সেখানে নানা পোস্টে মতামত দিচ্ছেন অসংখ্য মানুষ। সেখানেই ইরফান আহমেদ নামে একজন লিখেছেন, "দেশি পণ্য ক্রয় করে নিয়ে আসলাম। আমি আমার জায়গা থেকে ভারতীয় পণ্য বয়কট করেছি।" আবার আহমেদ ইমরান নামে আরেকজন লিখেছেন, "মানুষ কই ঘুরবে,

কই খাবে, কই চিকিৎসা নিবে এইটা নিয়েও এত যন্ত্রণা? পৃথিবীর নৈসর্গিক সৌন্দর্যের দেশ ভারত। প্রতিবেশী দেশ হিসেবে খুব অল্প খরচেই সেখানে ভ্রমণ করতে পারি। মানুষের সব কিছুতে নাক গলানো বাদ দেন।"
(বিবিসি ওয়েব পেজ:২৪.০৩.২০২৪ রিহাব)

# ভয়েস অফ আমেরিকা

## বিবিএস জরিপঃ বাংলাদেশে মানুষের গড় আয়ু কমেছে

এক বছরের ব্যবধানে বাংলাদেশে গড় আয়ু ও জন্মহার কমেছে বলে জানিয়েছে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)। রবিবার (২৪ মার্চ) বিবিএসের 'বাংলাদেশ স্যাম্পল ভাইটাল স্ট্যাটিসটিকস-২০২৩' শীর্ষক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। প্রতিবেদন অনুযায়ী ২০২৩ সালে মানুষের গড় আয়ু কমে দাঁড়িয়েছে ৭২ দশমিক ৩ বছরে যা ২০২২ সালে ছিলো ৭২ দশমিক ৪ বছর। এছাড়া এক বছরের ব্যবধানে জনসংখ্যা বৃদ্ধির হার কমেছে। ২০২৩ সালে জনসংখ্যার সাধারণ বৃদ্ধির হার ছিলো ১ দশমিক ৩৩ শতাংশ। এর আগে ২০২২ সালে এই হার ছিলো ১ দশমিক ৪০ শতাংশ। বিবিএসের জরিপে জানা গেছে মৃত্যুর শীর্ষ ১০টি কারণের মধ্যে প্রথম কারণ হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যু ১ দশমিক ০২৭ শতাংশ মৃত্যুর কারণ হৃদরোগ দ্বিতীয় প্রধান কারণ মস্তিষ্কে রক্তক্ষরণে মৃত্যু শুন্য দশমিক ৬৪ শতাংশ। বিবিএসের জরিপে বলা হয়েছে পুরুষদের প্রথম বিয়ের গড় বয়স ২৪ দশমিক ২ বছর আর নারীদের ক্ষেত্রে ১৮ দশমিক ৪ বছর। অভ্যন্তরীণ অভিবাসনের ক্ষেত্রে, গ্রামীণ আগমনের হার প্রতি হাজারে ২০ দশমিক ৪ জন এবং শহুরে আগমনের হার ৪৩ দশমিক ৪ জন। এছাড়া, শিক্ষা ও কাজ বা প্রশিক্ষণে নেই এমন তরুণ জনগোষ্ঠীর সংখ্যা ২০২৩ সালে ৩৯ দশমিক ৮৮ শতাংশে নেমে এসেছে, যা ২০২২ সালে ছিলো ৪০ দশমিক ৬৭ শতাংশ। জরিপের তথ্য মতে, ২০২৩ সালে ৫ বছরের বেশি বয়সী মোবাইল ফোন ব্যবহারকারীর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৫৯ দশমিক ৯ শতাংশে। তবে ১৫ বছরের বেশি বয়সী ব্যবহারকারীর ক্ষেত্রে ২০২২ সালের ৭৩ দশমিক ৮ শতাংশের তুলনায় এ হার কিছুটা বেড়ে ৭৪ দশমিক ২ শতাংশে দাঁড়িয়েছে। ২০২৩ সালে ১৫ বছরের বেশি বয়সী ইন্টারনেট ব্যবহারকারীর হার দেখা গেছে ৫০ দশমিক ১ শতাংশ। এদিকে, ২০২৩ সালে লিঙ্গ অনুপাত কিছুটা কমে ৯৬ দশমিক ৩৭ শতাংশে দাঁড়িয়েছে। জরিপে জনসংখ্যার ঘনত্ব পাওয়া গেছে, প্রতি বর্গকিলোমিটারে ১,১৭৯ জন। ২০২৩ সালে প্রতি হাজার জনসংখ্যায় মোট জন্মহার ছিলো ১৯ দশমিক ৪; যা ২০২২ সালে ছিলো ১৯.৮। প্রতি হাজারে স্থূলতায় মৃত্যুর ২০২৩ সালে ছিলো হার ৬ দশমিক ১; যা ২০২২ সালে ছিলো ৫ দশমিক ৮ শতাংশ। পাঁচ বছরের কম বয়সী শিশু মৃত্যুর হার প্রতি হাজারে ৩৩ জন এবং মাতৃ-মৃত্যুর হার প্রতি এক লাখে জীবিত শিশু জন্মদানের ক্ষেত্রে ১৩৬ যা ২০২২ সালে ছিলো ১৫৩ জন। অন্যদিকে ২০২৩ সালে জন্মনিয়ন্ত্রণ ব্যবহারকারীর সংখ্যা কিছুটা কমে ২০২৩ সালে ৬২ দশমিক ১ শতাংশে দাঁড়িয়েছে; যা ২০২২ সালে ছিলো ৬৩.৩ শতাংশ। ২০২২ সালের মতো ২০২৩ সালে পরিবারের আকার অপরিবর্তিত ছিলো ৪ দশমিক ২ জন। তবে, ২০২২ সালের তুলনায় ২০২৩ সালে নারী পরিবার-প্রধানের হার বেড়েছে। ২০২২ সালে এই হার ছিলো ১৭ দশমিক ৪ শতাংশ; এই হার ২০২৩ সালে বেড়ে দাঁড়িয়েছে ১৮ দশমিক ৯ শতাংশে। আর, ২০২২ সালে পুরুষ পরিবার-প্রধানের হার ছিলো ৮২ দশমিক ৬ শতাংশ; ২০২৩ সালে এ হার কমে দাঁড়িয়েছে ৮১ দশমিক ১৭ শতাংশে। (ভোয়া ওয়েব পেজ: ২৪.০৩.২০২৪ রুবাইয়া)

## ইন্দোনেশিয়ায় নৌকাডুবিঃ সাগর থেকে ৩ রোহিঙ্গার মরদেহ উদ্ধার

ইন্দোনেশিয়ার আচেহ প্রদেশের কাছে রোহিঙ্গাদের বহনকারী নৌকা ডুবির পর তিন জনের মরদেহ উদ্ধার করেছে দেশটির প্রাদেশিক তল্লাশি ও উদ্ধার সংস্থা।বৃহস্পতিবার (২১ মার্চ) নৌকাটির উল্টে গেলে এর খোলের মধ্যে রাতভর গাদাগাদি করে আশ্রয় নেয় আরোহীরা। এদের মধ্যে, ৪৪ জন পুরুষ, ২২ জন নারী ও ৯ শিশুসহ ৭৫ জনকে উদ্ধার করে জেলে, অনুসন্ধান ও উদ্ধারকারী দল।কয়েকজনকে চিকিৎসার জন্য স্থানীয় হাসপাতালে নেয়া হয়। আর বেশিরভাগকে আচেহ প্রদেশের বারাত জেলার একটি অস্থায়ী আশ্রয়কেন্দ্রে পাঠানো হয়। অনেকে যাত্রাপথে পরিবারের সদস্যদের হারিয়েছেন বলে ইউএনএইচসিআর কর্মীদের জানিয়েছেন। শনিবার (২৩ মার্চ) জেলেরা তিনটি মৃতদেহ দেখতে পেয়ে স্থানীয় কর্তৃপক্ষকে জানায়। রবিবার (২৪ মার্চ) এক বিবৃতিতে বান্দা আচেহ সার্চ অ্যান্ড রেসকিউ এজেন্সির প্রধান আল হুসেইন জানান, তল্লাশির পর তিন জনের মরদেহ উদ্ধার করা হয়েছে। এদের মধ্যে দুজন প্রাপ্তবয়স্ক নারী ও একজন পুরুষ। তারা রোহিঙ্গা শরণার্থী এবং ডুবে যাওয়া নৌকার যাত্রী ছিলেন বলে জানান আল হুসেইন। মরদেহগুলো আচেহ জায়া জেলার কালাং শহরের হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। ইউএনএইচসিআরের কর্মী ফয়সাল রহমান বলেন, বেঁচে যাওয়া কয়েকজন মৃতদেহ শনাক্ত করতে সাহায্য করেছেন। ফয়সাল রহমান আরো জানান, তারা নৌকায় একসাথে ছিলো কি না তা যাচাই করতে শরণার্থীদের মধ্যে একজনকে বেছে নেয়া হয়। আচেহ প্রদেশের স্থানীয় কর্তৃপক্ষ শনিবার থেকে নিকটবর্তী পানিতে মৃতদেহ ভাসতে দেখা গেছে বলে খবর পেয়েছে।জাতিসংঘের সংস্থাগুলোর পক্ষ থেকে শুক্রবার এক বিবৃতিতে জানানো হয়, চলতি সপ্তাহে বাংলাদেশ থেকে সমুদ্র যাত্রা করে ইন্দোনেশিয়ার উপকূলে এসে একটি নৌকা ডুবে যায়। এই নৌকার আরোহী অন্তত ৭০ জন রোহিঙ্গা শরণার্থী নিখোঁজ বা নিহত হয়েছেন বলে আশঙ্কা করা হচ্ছে। সংখ্যাগরিষ্ঠ মুসলিম রোহিঙ্গাদের মধ্যে প্রায় ১০ লাখ মিয়ানমার থেকে আসা শরণার্থী হিসেবে বাংলাদেশে বসবাস করছে। তাদের মধ্যে অন্তত ৭ লাখ ৪০ হাজার রোহিঙ্গা,

২০১৭ সালে মিয়ানমারের নিরাপত্তা বাহিনীর নৃশংস অভিযান থেকে বাঁচতে পালিয়ে এসেছিলো।মিয়ানমারের সংখ্যালঘু রোহিঙ্গা নাগরিকগণ সেখানে ব্যাপক বৈষম্যের শিকার এবং অধিকাংশ নাগরিকত্ব থেকে বঞ্চিত। থাইল্যান্ড ও মালয়েশিয়ার মতো ইন্দোনেশিয়া জাতিসংঘের ১৯৫১ সালের শরণার্থী কনভেনশনে স্বাক্ষরকারী দেশ নয়। তাই রোহিঙ্গা শরণার্থীদের গ্রহণ করতে বাধ্য নয় দেশটি। তবে, সাধারণত বিপদগ্রস্ত শরণার্থীদের সাময়িক আশ্রয়ের ব্যবস্থা করে ইন্দোনেশিয়া। (ভোয়া ওয়েব পেজ: ২৪.০৩.২০২৪ রুবাইয়া)

## বাংলাদেশের স্বাধীনতা দিবস ২৬ মার্চ উদযাপিত হবে নানা কর্মসূচিতে

বাংলাদেশের স্বাধীনতা দিবস ২৬ মার্চ। স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন করতে জাতীয় পর্যায়ে নানা কর্মসূচি গ্রহণ করা হয়েছে। মঙ্গলবার (২৬ মার্চ) রাজধানী ঢাকাসহ সারা দেশে প্রত্যুষে ৩১ বার তোপধ্বনির মাধ্যমে স্বাধীনতা দিবসের সূচনা হবে। সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা সাভারে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করবেন। এরপর মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রীর নেতৃত্বে উপস্থিত বীরশ্রেষ্ঠ পরিবার, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও বীর মুক্তিযোদ্ধারা পুষ্পস্তবক অর্পণ করবেন। পরে বিদেশি কূটনীতিক বিভিন্ন রাজনৈতিক ও সামাজিক সংগঠনসহ সর্বস্তরের জনগণ স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে মুক্তিযুদ্ধের বীর শহিদদের প্রতি শ্রদ্ধা জানাবেন। স্বাধীনতা দিবসে সব সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি ভবনে সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। রাজধানী ঢাকাসহ বিভিন্ন শহরের প্রধান সড়ক ও সড়ক-দ্বীপসমূহ জাতীয় পতাকা ও ফেস্টুন দিয়ে সজ্জিত করা হবে। এই দিন ঢাকার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে বিভিন্ন বাহিনীর বাদকদল বাদ্য বাজাবে; থাকবে সরকারি ছুটি। প্রথামতে দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী বাণী দেবেন। বাংলাদেশ শিল্পকলা একাডেমি, বাংলা একাডেমি, জাতীয় জাদুঘর, মুক্তিযুদ্ধ জাদুঘর, বাংলাদেশ শিশু একাডেমিসহ বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন মুক্তিযুদ্ধ ভিত্তিক আলোচনা, সাংস্কৃতিক অনুষ্ঠান, শিশুদের চিত্রাঙ্কন, রচনা ও ক্রীড়া প্রতিযোগিতা, মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রামাণ্যচিত্র এবং চলচ্চিত্র প্রদর্শনের আয়োজন করবে। এছাড়া মহানগর, জেলা ও উপজেলায় বীর মুক্তিযোদ্ধা ও শহিদ পরিবারের সদস্যদের সংবর্ধনা দেয়া হবে। বাংলাদেশ ডাক বিভাগ স্মারক ডাক টিকিট প্রকাশ করবে। ধর্মীয় প্রতিষ্ঠানসমূহে দেশের শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে বিশেষ দোয়া ও উপাসনার আয়োজন করা হবে। দেশের সব হাসপাতাল, জেলখানা, শিশু পরিবার, বৃদ্ধাশ্রম, ভবঘুরে আশ্রয় কেন্দ্র ও শিশু দিবাযত্ন কেন্দ্রসমূহে উন্নতমানের খাবার পরিবেশন করা হবে। চট্টগ্রাম, খুলনা, মোংলা ও পায়রা বন্দর এবং ঢাকার সদরঘাট, নারায়ণগঞ্জের পাগলা, বরিশাল ও চাঁদপুর বিআইডব্লিউটিএ ঘাটে বাংলাদেশ নৌ-বাহিনী ও কোস্ট গার্ডের জাহাজসমূহ সকাল ৯টা থেকে দুপুর ২টা পর্যন্ত জনসাধারণের পরিদর্শনের জন্য উন্মুক্ত রাখা হবে। জেলা ও উপজেলা পর্যায়ে ও বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসেও স্বাধীনতা দিবসের তাৎপর্য তুলে ধরে অনুরূপ কর্মসূচি পালন করা হবে। (ভোয়া ওয়েব পেজ: ২৪.০৩.২০২৪ রুবাইয়া)

## জিম্মি জাহাজ এমভি আবদুল্লাহ উদ্ধারে সামরিক অভিযান চায় না মালিকপক্ষ

সোমালি জলদস্যুদের হাতে জিম্মি বাংলাদেশি জাহাজ এমভি আব্দুল্লাহকে মুক্ত করতে কোনো ধরনের সামরিক অভিযানকে সমর্থন করবে না বলে জানিয়েছে জাহাজটির মালিকপক্ষ। জাহাজটিতে ২৩ জন নাবিক রয়েছেন। জলদস্যুদের শর্ত মেনে, নিরাপদে জিম্মি নাবিকদের উদ্ধারের পক্ষে মালিক পক্ষ একথা জানানো হয়েছে সংবাদ মাধ্যমকে। এমভি আব্দুল্লাহ'র মালিকানাধীন প্রতিষ্ঠান চট্টগ্রাম ভিত্তিক কবির গ্রুপের মিডিয়া উপদেষ্টা মিজানুল ইসলাম রবিবার (২৪ মার্চ) এ তথ্য জানান। ইউরোপীয় ইউনিয়ন ও ভারতীয় নৌবাহিনী জিম্মি জাহাজ এমভি আব্দুল্লাহ উদ্ধারের প্রস্তুতির যে তথ্য গণমাধ্যমে আসছে তা সঠিক নয় বলেন মিজানুল ইসলাম। তিনি আরো জানান যে জাহাজের নিরাপত্তার বিষয়টি তাদের কাছে বেশি গুরুত্বপূর্ণ। তাই নাবিকদের জীবনের নিরাপত্তার কথা ভেবে কোনো ধরনের সামরিক অভিযানের পক্ষে নয় তারা। এক প্রশ্নের জবাবে মিজানুল ইসলাম বলেন,জলদস্যুরা ইতোমধ্যে আমাদের সঙ্গে যোগাযোগ করতে শুরু করেছে। তবে তারা এখনো কোনো ধরনের মুক্তিপণ দাবি করেননি।তিনি আরো বলেন,আশা করছি আলোচনার মাধ্যমে জাহাজ উদ্ধার ও ২৩ নাবিককে সুস্থভাবে মুক্ত করে দেশে ফিরিয়ে আনতে পারবো। সে প্রচেষ্টা চলছে বলে উল্লেখ করেন মিজানুল ইসলাম। তিনি বলেন, কোম্পানি এ ক্ষেত্রে পূর্বের অভিজ্ঞতাকে কাজে লাগানোর চেষ্টা করছে। জিম্মি নাবিকদের স্বজনরা সবসময় আমাদের সঙ্গে যোগাযোগ রাখছে। তাদের সর্বাত্মক সহযোগিতা ও সান্ত্বনা দেয়া হচ্ছে তিনি যোগ করেন। এদিকে,বাংলাদেশের অনুমতি ছাড়া সোমালিয়া জলদস্যুদের হাতে জিম্মি থাকা জাহাজে কারো অভিযান চালানোর সুযোগ নেই বলে জানিয়েছেন নৌপরিবহন অধিদপ্তরের মহাপরিচালক কমডোর মোহাম্মদ মাকসুদ আলম। তিনি গণমাধ্যমকে জানান,জলদস্যুদের কবলে থাকা জাহাজের নাবিক ও ক্রুদের উদ্ধারে আলোচনা চলছে। চূড়ান্ত সিদ্ধান্ত আসতে আরো কিছুদিন সময় লাগবে। এমভি আবদুল্লাহর কাছাকাছি এলাকায় ইইউ নেভির যুদ্ধজাহাজের উপস্থিতি জিম্মিদের মুক্তির আলোচনায় প্রভাব ফেলবে না বলেও জানান কমডোর মাকসুদ আলম। উল্লেখ্য, মোজাম্বিকের মাপুতু বন্দর থেকে সংযুক্ত আরব আমিরাতে যাওয়ার পথে,গত ১২ মার্চ ভারত মহাসাগরে সোমালি জলদস্যুদের কবলে পড়ে বাংলাদেশি জাহাজ এমভি আবদুল্লাহ। (ভোয়া ওয়েব পেজ: ২৪.০৩.২০২৪ রুবাইয়া)

## ভুটানের বিনিয়োগের জন্য কুড়িগ্রামে ১৯০ একর জমি দেবে বাংলাদেশ, জানালেন হাছান মাহমুদ

ভুটানের বিনিয়োগকারীদের জন্য একটি বিশেষ অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা করতে বাংলাদেশের কুড়িগ্রাম জেলায় ১৯০ একর জমি বরাদ্দ দেয়া হবে বলে জানিয়েছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ । রবিবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের তিনি এ কথা জানান। বলেন,আমরা এ বিষয়ে আলোচনা করছি। তিনি আরো জানান, বাংলাদেশ ভুটান থেকে জলবিদ্যুৎ আমদানি করতে চায়। আর এ বিদ্যুৎ ভারতের মধ্য দিয়ে আনতে হবে। তাই ত্রিপক্ষীয় চুক্তি প্রয়োজন উল্লেখ করেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী। তিনি জানান, ভুটান ২৫ হাজার মেগাওয়াট জলবিদ্যুৎ উৎপাদন করতে পারবে, এমন সম্ভাবনা রয়েছে। হাছান মাহমুদ বলেন, বাংলাদেশ নেপাল থেকেও জলবিদ্যুৎ আমদানি করবে এবং এ বিষয়ে প্রাথমিক পদক্ষেপগুলো নির্ধারণ করা হয়েছে।হাছান মাহমুদ বলেন, শুভেচ্ছা হিসেবে থিম্পুতে একটি বার্ন ইউনিট নির্মাণ করবে বাংলাদেশ। যা হবে চিকিৎসা খাতে বাংলাদেশের ক্ষমতা বহিঃপ্রকাশ। ভুটানের রাজা জিগমে খেসার নামগিয়েল ওয়াংচুক এর বাংলাদেশ সফর সম্পর্কে সাংবাদিকদের জানান পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ। তিনি বলেন, এই সফরের সময় বাংলাদেশ ও ভুটানের মধ্যে তিনটি নতুন সমঝোতা স্মারক সই হবে। এ ছাড়া সাংস্কৃতিক বিনিময় সংক্রান্ত আরো একটি সমঝোতা স্মারক নবায়ন করা হবে। ভুটানের রাজা জিগমে খেসার নামগিয়েল ওয়াংচুক ৪ দিনের সফরে সোমবার (২৫ মার্চ) বাংলাদেশে আসছেন। বাংলাদেশের রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন ভুটানের রাজাকে অভ্যর্থনা জানাবেন। বাংলাদেশের রাজধানী ঢাকায় পৌঁছালে তাকে গান স্যালুট ও গার্ড অফ অনার দেয়া হবে।তাকে সম্মান জানানো হবে লাল গালিচা সংবর্ধনার মাধ্যমে। উল্লেখ্য, ১৯৭১ সালের ৬ ডিসেম্বর ভুটান বাংলাদেশকে স্বীকৃতি দেয়। বাংলাদেশকে স্বীকৃতি প্রদানকারী প্রথম দেশ ভুটান। তখন থেকে বাংলাদেশ ও ভুটানের মধ্যে একটি বহুমাত্রিক দ্বিপক্ষীয় সম্পর্ক রয়েছে।বাংলাদেশের স্বাধীনতার পর, ভুটান সরকার বাংলাদেশের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের উদ্যোগ নেয়। এরপর, ১৯৭৩ সালের ১২ এপ্রিল আনুষ্ঠানিক কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠিত হয় দুই দেশের মধ্যে।

(ভোয়া ওয়েব পেজ: ২৪.০৩.২০২৪ রুবাইয়া)

## গাজায় ইসরাইলের হত্যাকাণ্ড বন্ধে বিশ্ব সম্প্রদায়ের ব্যর্থতায় দুঃখ প্রকাশ করেছেন শেখ হাসিনা

বিশ্ববাসী গাজায় হত্যা বন্ধে কার্যকর কোনো পদক্ষেপ না নিয়ে ইসরাইলি বাহিনীর হাতে হত্যাকাণ্ড দেখছে বলে উল্লেখ করেছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এই হত্যার ঘটনায় তিনি গভীর দুঃখ প্রকাশ করেন। রবিবার (২৪ মার্চ) বাংলাদেশ সফররত ফিলিস্তিনের ক্ষমতাসীন দলের মহাসচিব লেফটেন্যান্ট জেনারেল জেব্রিল আল রজব শেখ হাসিনার সঙ্গে গণভবনে সাক্ষাৎ করেন। এ সময় এই অনুভূতি প্রকাশ করেন বাংলাদেশের প্রধানমন্ত্রী। সাক্ষাৎ শেষে প্রধানমন্ত্রীর স্পিচ রাইটার এম নজরুল ইসলাম এবিষয়ে সাংবাদিকদের অবহিত করেন। নজরুল ইসলাম জানান, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ফিলিস্তিনের জনগণের প্রতি তার দ্ব্যর্থহীন সমর্থনের কথা পুনর্ব্যক্ত করেছেন। একই সঙ্গে গাজায় নারী ও শিশুসহ হাজার হাজার মানুষকে হত্যা এবং হাসপাতালে ইসরাইলি বাহিনীর হামলার নিন্দা জানিয়েছেন শেখ হাসিনা।

বাংলাদেশের প্রধানমন্ত্রী গাজায় ইসরাইলি বাহিনীর হামলায় হতাহতের ঘটনায় শোক প্রকাশ করেন এবং সেখানে অবিলম্বে যুদ্ধবিরতির দাবি জানান বলেন স্পিচ রাইটার নজরুল ইসলাম। মিশরের মাধ্যমে বাংলাদেশ দুইবার ফিলিস্তিনি জনগণের জন্য ত্রাণ সহায়তা পাঠিয়েছে বলে জানান বাংলাদেশের প্রধানমন্ত্রী। শেখ হাসিনা বলেন আমি যখনই সুযোগ পাই তখনই ফিলিস্তিনি জনগণের জন্য আন্তর্জাতিক ফোরামে আমার কণ্ঠ তুলে ধরি। আওয়ামী লীগ সরকারের আমলে ১৯৯৭ সালে ইয়াসির আরাফাত বাংলাদেশ সফর করেন। সে কথা স্মরণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গাজায় ইসরাইলি বাহিনীর হামলার বিষয়ে মানবাধিকার সংগঠনগুলোর নীরব অবস্থানের কঠোর সমালোচনা করেন বাংলাদেশের প্রধানমন্ত্রী। বলেন, এটা এক ধরনের ভণ্ডামি। শেখ হাসিনা ফিলিস্তিনিদের সমর্থনে মুসলিম উম্মাহকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান। তিনি বলেন মুসলিম উম্মাহকে রক্ষা এবং ফিলিস্তিনিদের দুর্দশা লাঘবের স্বার্থে এটা করা উচিত। পূর্ব জেরুজালেমকে ফিলিস্তিনের রাজধানী হিসেবে জাতিসংঘের প্রস্তাব বাস্তবায়নের আহ্বান জানান শেখ হাসিনা। ফিলিস্তিনিদের প্রতি নিঃশর্ত সমর্থন ও আন্তর্জাতিক ফোরামে তাদের পক্ষে জোরালো বক্তব্য রাখার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ জানান ফাত্তাহ মুভমেন্টের নেতা লেফটেন্যান্ট জেনারেল জেব্রিল আল রজব।

ফিলিস্তিনের নেতা বাংলাদেশের প্রধানমন্ত্রীকে বলেন, অবিলম্বে গাজায় যুদ্ধ বন্ধ করতে হবে এবং আন্তর্জাতিক সম্প্রদায়ের উচিত এজন্য দ্রুত পদক্ষেপ নেয়া। গাজায় খাদ্যের তীব্র সংকট বিরাজ করছে এবং জনগণ অনাহারে রয়েছে। সেখানে জরুরি ভিত্তিতে খাদ্য সহায়তা প্রয়োজন উল্লেখ করেন লেফটেন্যান্ট জেনারেল জেব্রিল আল রজব। জেব্রিল আল রজব আরো বলেন, ফিলিস্তিন রাষ্ট্রকে স্বীকৃতি দেয়া হলো এই সংকট সমাধানের একমাত্র পথ। আরব দেশগুলোতে ৪০ কোটি মানুষ বসবাস করলেও, তারা ঐক্যবদ্ধ নয় বলে উল্লেখ করেন তিনি। ফিলিস্তিনের নেতা বলেন আরব জনগণ ঐক্যবদ্ধ হলে, ফিলিস্তিনিদের ওপর নির্যাতন-নিপীড়ন সহজেই বন্ধ হবে। আরব বিশ্বের ক্ষমতা ও সম্পদ রয়েছে। ইসরাইলি আগ্রাসন বন্ধ করার জন্য তাদের মধ্যে কেবল ঐক্য প্রয়োজন। এই যুদ্ধ বন্ধ না হলে আঞ্চলিক স্থিতিশীলতা ও বৈশ্বিক শান্তি কখনোই প্রতিষ্ঠিত হবে না জেব্রিল আল রজব যোগ করেন। অধিকৃত গাজা উপত্যকায় ফিলিস্তিনিদের বিষয়ে ইসরাইলের গণহত্যা কনভেনশন লঙ্ঘনের বিষয়ে আন্তর্জাতিক বিচার আদালতে (আইসিজে) ইসরাইলের বিরুদ্ধে দক্ষিণ আফ্রিকার আবেদনে সমর্থন জানানোর জন্য বাংলাদেশকে ধন্যবাদ জানান জেব্রিল আল

রজব। ফিলিস্তিনের প্রেসিডেন্ট মাহমুদ আব্বাসের একটি চিঠি তিনি বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে হস্তান্তর করেন। (ভোয়া ওয়েব পেজ: ২৪.০৩.২০২৪ রুবাইয়া)

**জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলায় বাংলাদেশকে সহযোগিতা করবে ফ্রান্স**

কার্বন নিঃসরণ হ্রাস ও জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলায় বাংলাদেশকে সহযোগিতার আশ্বাস দিয়েছে ফ্রান্স। রবিবার (২৪ মার্চ) সচিবালয়ে গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী র আ ম উবায়দুল মোকতাদির চৌধুরীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে এ আশ্বাস দেন বাংলাদেশে নিযুক্ত ফ্রান্সের রাষ্ট্রদূত মেরি মাসদুপুই। সাক্ষাৎকালে, জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলায় নির্মাণ খাতের সবুজায়ন, পরিবেশ সুরক্ষাসহ এ সংক্রান্ত বিভিন্ন বিষয়ে পারস্পরিক সহযোগিতার বিভিন্ন দিক নিয়ে আলোচনা হয়। উল্লেখ্য, চলতি বছরের ৭-৮ মার্চ, ফ্রান্সের প্যারিসে ৭০টি দেশের ১৪০০ প্রতিনিধি, বিল্ডিং অ্যান্ড গ্লোবাল ফোরামে মিলিত হন। ফোরামে ফ্রান্স সরকারের আমন্ত্রণে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রীর নেতৃত্বে, বাংলাদেশের একটি প্রতিনিধি দল অংশ নেয়। ফোরামে কপ-২৮ সম্মেলনের সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন, কার্বন নিঃসরণ হ্রাস ও পরিবেশ সুরক্ষা নিশ্চিত করতে ৯ দফা সিদ্ধান্ত সম্বলিত একটি ঘোষণা গৃহীত হয়। সেই ঘোষণার আলোকে, ফ্রান্স ও বাংলাদেশ সরকারের পারস্পরিক সহযোগিতার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন গণপূর্তমন্ত্রী র আ ম উবায়দুল মোকতাদির চৌধুরী ও ফ্রান্সের রাষ্ট্রদূত মেরি মাসদুপুই। (ভোয়া ওয়েব পেজ: ২৪.০৩.২০২৪ রুবাইয়া)

**নারী ওয়ানডে ক্রিকেট: বাংলাদেশের বিপক্ষে সহজ জয়ে সিরিজ নিশ্চিত করলো অস্ট্রেলিয়া**

এক ম্যাচ বাকি থাকতেই রবিবার (২৪ মার্চ) বাংলাদেশের বিপক্ষে তিন ম্যাচ ওয়ানডে সিরিজের বিজয় নিশ্চিত করেছে অস্ট্রেলিয়া। সিরিজের দ্বিতীয় ম্যাচে বাংলাদেশের বিপক্ষে ৬ উইকেটের বড় জয় অর্জন করে অস্ট্রেলিয়া। দ্বিতীয় ওয়ানডেতে প্রথমে ব্যাট করতে নেমে ৪৪ ওভার ১ বলে ৯৭ রান তুলতে সক্ষম হয় বাংলাদেশ। নয় নম্বরে ব্যাট করতে নেমে, সর্বোচ্চ ২২ রান করেন নাহিদা আক্তার। জবাবে,২৩ ওভার ৫ বলে লক্ষ্যে পৌঁছে যায় অস্ট্রেলিয়া। ৬ উইকেট হাতে রেখে,১৫৭ বল বাকি থাকতেই জয় নিশ্চিত করে তারা। অস্ট্রেলিয়ার বোলিং আক্রমণের নেতৃত্ব দেন সোফি মলিনেক্স, তিনি ৩টি উইকেট নেন । এছাড়া অ্যাশলে গার্ডনার, অ্যালানা কিং ও জর্জিয়া ওয়ারহাম ২টি করে উইকেট নেন। এলিস পেরি অপরাজিত ৩৫ রান করেন। অন্যদিকে, বাংলাদেশের হয়ে একটি করে উইকেট নেন রাবেয়া খান ও সুলতানা খাতুন। ব্যাটিং ও বোলিং দুই বিভাগেই সামর্থ্য প্রমাণ করতে ব্যর্থ হয়েছে বাংলাদেশ। তাদের ফিল্ডিংও ভালো ছিল না। সিরিজের আগে বিশ্ব চ্যাম্পিয়নদের বিপক্ষে ভালো পারফরম্যান্সের প্রতিশ্রুতি দিয়েছিলো বাংলাদেশ দল। সেই প্রতিশ্রুতি রক্ষা করতে পারেনি তারা। সিরিজের তৃতীয় ও শেষ ওয়ানডে অনুষ্ঠিত হবে ২৭ মার্চ। ওয়ানডে সিরিজ শেষে, তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ লড়বে বাংলাদেশ ও অস্ট্রেলিয়া নারী ক্রিকেট দল।
(ভোয়া ওয়েব পেজ: ২৪.০৩.২০২৪ রুবাইয়া)

## রেডিও তেহরান

**গাজায় ইসরাইলের তাণ্ডব ঠেকাতে বিশ্বের ব্যর্থতায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দুঃখ প্রকাশ**

বিশ্ববাসী গাজায় হত্যা বন্ধে কার্যকর কোনো পদক্ষেপ না নিয়ে ইসরাইলি বাহিনীর হাতে হত্যাকাণ্ড দেখছে বলে দুঃখ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। রোববার (২৪ মার্চ) সফররত ফিলিস্তিনের ক্ষমতাসীন দলের মহাসচিব লেফটেন্যান্ট জেনারেল জেব্রিল আলরজব প্রধানমন্ত্রীর সাথে তার সরকারি বাসভবন গণভবনে সাক্ষাৎ করতে গেলে একথা বলেন শেখ হাসিনা। সাক্ষাৎ শেষে প্রধানমন্ত্রীর স্পিচ রাইটার এম নজরুল ইসলাম সাংবাদিকদের ব্রিফ করেন। নজরুল ইসলাম বলেন, প্রধানমন্ত্রী ফিলিস্তিনিদের প্রতি তার দ্ব্যর্থহীন সমর্থনের কথা পুনর্ব্যক্ত করেছেন। একইসাথে গাজায় নারী ও শিশুসহ হাজার হাজার মানুষকে হত্যা এবং হাসপাতালে ইসরাইলি বাহিনীর হামলার নিন্দা জানান তিনি। তিনি গাজায় ইসরাইলি বাহিনীর হামলায় হতাহতের ঘটনায় শোক প্রকাশ করেন এবং সেখানে অবিলম্বে যুদ্ধবিরতির দাবি জানান। (রেডিও তেহরান: ২০৩০ ২৪.০৩.২০২৪ এলিনা,বাবুল আখতার)

**ভারতীয় পণ্য বর্জনে ফখরুলের বক্তব্য জানতে চান কাদের**

বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, "মঈন খান বললেন, ভারতকে গণতন্ত্র উদ্ধারের জন্য সহযোগিতা করার জন্য। অন্যদিকে রুহুল কবির রিজভী তার চাদর খুলে দিয়ে আগুনে পুড়িয়ে ভারত বর্জন শুরু করলেন। বিএনপি আসলে কী চায়?" আজ (রোববার) সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে এক অনুষ্ঠান শেষে ওবায়দুল কাদের এসব কথা বললেন। তিনি বলেন, 'ভারতীয় পণ্য বর্জন' নিয়ে "বিএনপির নেতারা একেক জন একেক কথা বলছেন। আমি জানতে চাই, বিএনপির মহাসচিব তথা দলের মুখপাত্র হিসেবে মির্জা ফখরুল সাহেব কী বলেন? (রেডিও তেহরান: ২০৩০ ২৪.০৩.২০২৪ এলিনা, বাবুল আখতার)

## এনএইচকে

**মস্কো হামলায় সংশ্লিষ্টতা অস্বীকার করে অন্যদের দোষারোপের জন্য রাশিয়ার নিন্দা ইউক্রেনের**

রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন মস্কোর অদূরে একটি কনসার্ট হলে গুলিবর্ষণের ঘটনায় ইউক্রেন জড়িত ছিল বলে ইঙ্গিত দিয়েছেন যা ইউক্রেন স্পষ্টভাবেই অস্বীকার করেছে। ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি পুতিনের নিন্দা করে বলেছেন তিনি'সহ অন্যরা অন্য কাউকে দোষারোপের চেষ্টা করছেন। শুক্রবার রাজধানীর উত্তর-পশ্চিমে

ক্রাসনোগর্স্ক শহরের একটি কনসার্ট হলে বন্দুকধারীরা নির্বিচারে গুলিবর্ষণ করে। এরপর ভবনটি আগুনে পুড়ে যায়। কর্তৃপক্ষের ভাষ্যানুযায়ী, নির্ধারিত সময়ে সঙ্গীতানুষ্ঠানটি শুরু হওয়ার আগেই সামরিক পোশাকের মত বেশভূষা নিয়ে একাধিক ব্যক্তি ওই ভেন্যুতে ঢুকে পড়ে। আরআইএ নোভোস্তি বার্তা সংস্থার ভাষ্যানুযায়ী, তাদের মধ্যে অন্তত তিনজন নির্বিচারে গুলিবর্ষণ করে এবং এর পাশাপাশি বিস্ফোরকের বিস্ফোরণ ঘটানো হয়। রাশিয়ার তদন্ত কমিটি জানিয়েছে যে, অন্তত ১৩৩ জনের মৃত্যু হয়েছে। পুতিন শনিবার টেলিভিশনে সম্প্রচার করা বক্তৃতায় বলেন যে গুলি চালানোর সাথে সরাসরি জড়িত চারজন'সহ মোট ১১ জনকে গ্রেপ্তার করা হয়েছে। তার ভাষ্যমতে, তারা পালানোর চেষ্টা করেছিল এবং ইউক্রেনের দিকে অগ্রসর হচ্ছিল। তিনি আরও বলেন যে, সংশ্লিষ্ট তথ্য অনুসারে, রাষ্ট্রীয় সীমান্ত অতিক্রমের জন্য ইউক্রেনের দিকে তাদের জন্য একটি পথ প্রস্তুত করা হয়েছিল। এদিকে, জেলেনস্কি তার ভাষণে পুতিনের নিন্দা জানান। তার ভাষ্যানুযায়ী, পুতিন ঘটনার পর এক দিনের জন্য নীরব ছিলেন এবং কীভাবে এই ঘটনাকে ইউক্রেনের সাথে যুক্ত করা যায়, তা নিয়ে চিন্তাভাবনা করেন। জেলেন্সকি এও বলেন যে এর সবকিছুই পুরোপুরি পূর্বানুমানযোগ্য। এদিকে, ইসলামিক স্টেট চরমপন্থী গোষ্ঠীর সাথে যুক্ত আমাকে বার্তা সংস্থা বিভিন্ন সূত্রের বরাত দিয়ে জানিয়েছে যে হামলাটি ওই গোষ্ঠীর যোদ্ধারাই পরিচালনা করেন। তাদের ভাষায় এই হামলার জন্য দায়ী চার ব্যক্তির ছবি তারা প্রকাশ করে। বার্তা সংস্থাটি তাদের প্রকাশ করা একটি নিবন্ধে উল্লেখ করে যে তারা গোয়েন্দা সূত্রগুলোর সাথে এটি নিশ্চিত করেছে যে ইসলামিক স্টেট গ্রুপের সাথে মুসলিমদের বিরুদ্ধে লড়াইরত দেশগুলোর মধ্যে সংঘাত তীব্র হওয়ার পটভূমিতে এই হামলা চালানো হয়েছে। এদিকে, যুক্তরাষ্ট্রের হোয়াইট হাউসের জাতীয় নিরাপত্তা পরিষদের মুখপাত্র এক বিবৃতিতে জানিয়েছেন যে আইসিস এই হামলার একমাত্র দায় বহন করে এবং এর সাথে ইউক্রেনের কোনো সম্পৃক্ততা ছিল না। ওই মুখপাত্র সামাজিক যোগাযোগ মাধ্যমে উল্লেখ করেন যে মস্কোতে একটি পরিকল্পিত হামলার বিষয়ে ওয়াশিংটনের কাছে গোয়েন্দা তথ্য ছিল। তিনি বলেন যে এর পরিপ্রেক্ষিতে পররাষ্ট্র মন্ত্রণালয় রাশিয়ায় অবস্থানরত মার্কিন নাগরিকদের জন্য একটি সতর্কতামূলক পরামর্শও জারি করে। তিনি এও বলেন যে মার্কিন সরকার রাশিয়ার সাথে এসংক্রান্ত তথ্যও ভাগাভাগি করেছে,যা তাদের দীর্ঘদিনের "সতর্ক করার দায়িত্ব" সংক্রান্ত নীতির সাথে সংগতিপূর্ণ। (এনএইচকে ওয়েব পেজ: ২৪.০৩.২০২৪ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### কান্তজিউ মন্দিরের জমিতে মসজিদ নির্মাণের কাজ বন্ধ প্রশাসনের

দিনাজপুরের কাহারোলে ঐতিহ্যবাহী কান্তজিউ মন্দিরের জমিতে মসজিদ নির্মাণের কাজ বন্ধ করে দিয়েছে জেলা প্রশাসন। জেলা প্রশাসক শাকিল আহমেদ ডয়চে ভেলেকে বলেছেন, "এটা রাজ দেবোত্তর এস্টেটের জমি। আমি নিজেও একজন ট্রাস্টি। আমরা বৈঠক করার পর আজ (রোববার) দুপুরে আমি নিজে সেখানে গিয়েছিলাম। মসজিদ কমিটির সঙ্গে কথা হয়েছে। তাদের নির্মাণ পুরোপুরি বন্ধ করতে বলা হয়েছে। বিকল্প জায়গায় মসজিদ নির্মাণের কথা বলেছি।" গত পহেলা মার্চ দিনাজপুর-১ আসনের সংসদ সদস্য জাকারিয়া জাকা মসজিদের নির্মাণকাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। গত ১৩ মার্চ নির্মাণকাজ বন্ধ চেয়ে জেলা প্রশাসক বরাবর লিখিত অভিযোগ করেন দিনাজপুর রাজ দেবোত্তর এস্টেটের এজেন্ট রণজিৎ কুমার সিংহ। অভিযোগ পাওয়ার পর জেলা প্রশাসন নির্মাণকাজ সাময়িক বন্ধ রাখে। রণজিৎ কুমার সিংহ ডয়চে ভেলেকে বলেন, "আমাদের অভিযোগের প্রেক্ষিতে জেলা প্রশাসক আজ (রোববার) ঘটনাস্থলে এসেছিলেন। তিনি সবার সঙ্গে কথা বলেছেন। পরে তিনি বলেছেন, এটা রাজ দেবোত্তর এস্টেটের জমি। ফলে সেখানে মসজিদ নির্মাণকরা যাবে না। স্থায়ীভাবে নির্মাণকাজ বন্ধ করতে তিনি নির্দেশ দিয়েছেন। যেহেতু বিষয়টির মীমাংসা হয়ে গেছে, ফলে এখন আর আমরা এটা নিয়ে কিছু বলতে চাই না।" বিষয়টি কি মীমাংসা হয়ে গেছে? জানতে চাইলে মসজিদ কমিটির সভাপতি আব্দুস সালাম ডয়চে ভেলেকে বলেন, "জেলা প্রশাসক মহোদয় এসেছিলেন। তিনি আমাদের নির্মাণ কাজ বন্ধ করতে বলেছেন। এই জমি তো এক সময় খাস জমি ছিল। পরে রাজ দেবোত্তর এস্টেটের নামে রেকর্ড করে নিয়েছে। এখানে যে মসজিদটি ছিল সেটা ৭৫-৮০ বছরের পুরনো। টিনশেড ছিল, মুসল্লিদের জায়গা হতো না, সেই কারণে ২৫ লাখ টাকা চাঁদা তুলে তিনতলার ভিত দিয়ে সমজিদটি নির্মাণ করা হচ্ছিল।"

জেলা প্রশাসনের সিদ্ধান্তের পর আপনারা কি কাজ বন্ধ করেছেন? জানতে চাইলে তিনি বলেন, "কাজ তো আগেই বন্ধ। জেলা প্রশাসনই আমাদের বরাদ্দ দিয়েছিল, এখন তারা অস্বীকার করছে। এখন আমরা কমিটির সবাই বসে বাকি সিদ্ধান্ত নেব।" রাজ দেবোত্তর এস্টেটের এজেন্ট রণজিৎ কুমার সিংহ জেলা প্রশাসকের কাছে দেওয়া লিখিত অভিযোগে বলেছেন, "কাহারোল উপজেলার কান্তনগর মৌজায় সিএস ২ নম্বর খতিয়ানটি শ্রীশ্রী কান্তজিউ বিগ্রহ পক্ষে সেবাইত অনারেবল মহারাজা জগদীশ নাথ রায় নামে প্রচারিত। ওই খতিয়ানে কান্তজিউ বিগ্রহর নামে ৯৪ দশমিক ০৭ একর জমি রয়েছে। এসএ ০৫ নম্বর খতিয়ানে দিনাজপুর রাজ দেবোত্তর এস্টেটের পক্ষে জিম্মাদার জেলা প্রশাসক ১৯টি দাগে ৬২ দশমিক ৪৬ একর জমি রয়েছে। বাংলা ১৪৩০ সন পর্যন্ত জমির খাজনা হালনাগাদ রয়েছে। গত ১০ মার্চ জানতে পারি যে, কান্তনগর মৌজার ১৬ নম্বর দাগে রাজ দেবোত্তর এস্টেটের সম্পত্তির ওপর একটি পাকা মসজিদ তৈরি করা হচ্ছে। এটা শুনে গত ১১ মার্চ নির্মাণাধীন মসজিদের জায়গাটি পরিদর্শন করি, দেখি মসজিদটি রাজ দেবোত্তর এস্টেটের কান্তনগর মৌজার এসএ ৫ নম্বর খতিয়ানের ১৬ নম্বর দাগের ওপর নির্মাণ করা হচ্ছে।" লিখিত অভিযোগে রণজিৎ

কুমার সিংহ আরও বলেন, "ঘটনাস্থলে উপস্থিত মসজিদ কমিটির সেক্রেটারি মোজাম্মেল হকের কাছে কীভাবে রাজ দেবোত্তর এস্টেটের জায়গায় মসজিদ নির্মাণ করছেন, জানতে চাইলে তিনি জানান, ১৯৭৬ সালে ডিসি দিনাজপুর ওই জমি তাদের দিয়েছেন। তার কাছে দলিল দেখতে চাইলে তিনি একটি হাতে লেখা তিন পৃষ্ঠার আপসনামার ফটোকপি দেন। কথিত আপসনামাটি যাচাই করে দেখি, উহা কোনো বরাদ্দ নয়। এটি কোনো রেজিস্ট্রিকৃত জমির দলিল নয়। ওই কাগজে মালিকানা হস্তান্তরের কোনো কথা উল্লেখ নেই। আপসনামাটি ভুয়া ও বানোয়াট মনে হয়। তা ছাড়া ১৯৯৯ সালের ৫১ ডিএলআর বলা হয়েছে, দেবোত্তর সম্পত্তি হস্তান্তরযোগ্য নয়, উহা সব সময়ের জন্য দেবোত্তর সম্পত্তি।"
পুরাকীর্তি সমৃদ্ধ হিন্দু ধর্মাবলম্বীদের পবিত্র তীর্থস্থান দিনাজপুরের ঐতিহাসিক কান্তজিউ মন্দিরের দেবোত্তর ভূমিতে অবৈধভাবে মসজিদ নির্মাণের উদ্যোগে গভীর উদ্বেগ প্রকাশ করেছে বাংলাদেশ হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান ঐক্য পরিষদ। স্থানীয় অনেকেই সাম্প্রদায়িক সম্প্রতি রক্ষার জন্য প্রশাসনকে বিশেষ গুরুত্ব দেওয়ার অনুরোধ করেছেন। বর্তমানে ওই এলাকার পরিস্থিতি কী? কোনো উত্তেজনা আছে কি না? জানতে চাইলে দিনাজপুরের পুলিশ সুপার শাহ ইফতেখার আহমেদ ডয়চে ভেলেকে বলেন, "জেলা প্রশাসন মসজিদ নির্মাণ কাজ বন্ধ করে দেওয়ার পর কেউ যেন গুজব ছড়িয়ে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটাতে না পারে, সেদিকে পুলিশ ও স্থানীয় প্রশাসন সতর্ক রয়েছে। সার্বিক পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। কোনো ধরনের উত্তেজনা নেই। সবাই শান্তিপূর্ণ অবস্থানে আছেন।" যে জমিতে মসজিদ নির্মাণ করা হচ্ছিল সেটা যে মন্দিরের জায়গা, আপনি কি আগে জানতেন? জানতে চাইলে স্থানীয় সংসদ সদস্য মো. জাকারিয়া জাকা ডয়চে ভেলেকে বলেন, "আমাকে কয়েকজন ডেকে নিয়ে গিয়েছিল। আমি আসলে কিছুই জানতাম না। পরে যেটা জেনেছি, ওখানে ১৯৫০ সালের একটা মসজিদ ছিল। ১৯৯৩ সালে সেটা সংস্কার হয়। এবার সেই টিনসেড মসজিদ ভেঙে একটি পাকা মসজিদ করা হচ্ছিল। আমি সেখানে কোনো অনুদানও দেইনি। বিষয়টি আমার নজরে আসার পর আমি নিজেই জেলা প্রশাসককে বলেছি, খোঁজ-খবর নিয়ে ব্যবস্থা নিতে। এখন জেলা প্রশাসক সেটা বন্ধ করে দিয়েছে। আমি মসজিদ কমিটিকে বলেছি, অন্য জায়গা দেখতে। আমি সাধ্যমতো তাদের সহযোগিতার আশ্বাস দিয়েছি।" জনাব জাকারিয়া জাকা বলেন, "আমার এলাকা শান্তিপূর্ণ এলাকা। সেখানে কেউ বিশৃঙ্খলা করার সুযোগ পাবে না। স্থানীয় প্রশাসনও সতর্ক আছে। আমি নিজেও খোঁজ-খবর নিচ্ছি। ইনশাল্লাহ আর কিছু হবে না।" ওই এলাকার সাবেক সংসদ সদস্যের বিরুদ্ধে অভিযোগ তুলে তিনি বলেন, "তিনি নিজেই ওই মসজিদে অনুদান দিয়েছেন। এখন নির্বাচনে হেরে আমাকে প্রশ্নবিদ্ধ করতে তিনি এসবের পেছনে কলকাঠি নাড়ছেন।" (ডয়চে ভেলে ওয়েব পেজ:২৪.০৩.২০২৪ রিহাব)

## উপজেলা নির্বাচনে ক্ষমতাসীনদের তৃণমূলে সংঘাত বাড়বে

উপজেলা নির্বাচনের তফশিল ঘোষণার পর পরই মাঠে প্রার্থীদের ছড়াছড়ি। এবার নির্বাচন দলীয় প্রতীকে হবেনা। থাকবেনা দলীয় মনোনয়ন। তাই চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান আওয়ামী লীগ থেকেই অনেক প্রার্থী হচ্ছেন এক উপজেলায়। আর বিএনপি দলের সদস্যদের নির্বাচনে না দাঁড়াতে কঠোর হুঁশিয়ারি দিলেও কিছু কিছু উপজেলায় তাদের থামানো যাবে না বলেই মনে হচ্ছে। ২১ মার্চ নির্বাচন কমিশন প্রথম ধাপে ১৫২টি উপজেলায় নির্বাচনের তফশিল ঘোষণা করেছে। দেশে মোট ৪৯৫টি উপজেলার প্রথম ধাপের ১৫২ টি উপজেলায় নির্বাচন হবে ৮ মে। ঘোষিত তফশিল অনুযায়ী প্রথম ধাপে রিটার্নিং কর্মকর্তার কাছে মনোনয়নপত্র জমা দেওয়া যাবে ১৫ এপ্রিল পর্যন্ত। মনোনয়নপত্র বাছাই হবে ১৭ এপ্রিল, প্রত্যাহারের শেষ সময় ২২ এপ্রিল। ১৫২ উপজেলার মধ্যে ২২ উপজেলায় ভোট হবে ইভিএমে। প্রথম ধাপের পর ২৩ মে দ্বিতীয়, ২৯ মে তৃতীয় এবং ৫ জুন শেষ ধাপের ভোট হবে। এসব উপজেলায় চেয়ারম্যান, সাধারণ ভাইস চেয়ারম্যান ও সংরক্ষিত ভাইস চেয়ারম্যান পদে এই নির্বাচন হয়ে থাকে। এবার আওয়ামী লীগ দলীয় প্রতীকে নির্বাচনে অংশ নেবে না। তারা কোনো প্রার্থীকেও মনোনয়ন দেবে না। এটা তারা আগেই নির্বাচন কমিশনে জানিয়ে দিয়েছে। ফলে উপজেলা নির্বাচনে এবার প্রার্থী অনেক বেশি হবে। এরইমধ্যে ওই প্রার্থীরা তাদের কাজ শুরু করে দিয়েছেন। আর অন্যান্য দল থেকেও একাধিক প্রার্থী হবে। বিএনপি এই নির্বাচনে অংশ না নেয়ার সিদ্ধান্ত এরই মধ্যে জানিয়ে দিয়েছে। তবে স্থানীয় পর্যায়ে অনেকে এই সিদ্ধান্তের বাইরে গিয়ে প্রার্থী হতে পারেন বলে জানা গেছে। কারণ দলীয় কোনো প্রতীক না থাকায় তার সুবিধা তারাও নেবেন। কিন্তু আওয়ামী লীগের সিদ্ধান্তে এই নির্বাচনে তৃণমূলস্তরে দ্বন্দ্ব আরো প্রকট হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। সংসদ নির্বাচনে এবার যে দ্বন্দ্ব তৈরি হয়েছে তা আরো বিস্তৃত হওয়ার আশঙ্কা আছে। আওয়ামী লীগের স্বতন্ত্র যে ৬২ জন  সংসদ সদস্য হয়েছেন তারা চাইবেন উপজেলায় তাদের প্রার্থীদের পাস করিয়ে অবস্থান আরো সংহত করতে। দল কাউকে মনোনয়ন না দিলেও প্রত্যেক এলাকার এমপির সমর্থনে এরইমধ্যে প্রার্থীরা আত্মপ্রকাশ করেছেন। এদিকে বিরোধী আওয়ামী শিবিরও তাদের প্রার্থী নিয়ে মাঠে নামছেন। ফলে উপজেলা নির্বাচনে এক আওয়ামী লীগ থেকেই একাধিক প্রার্থী থাকবেন। তৃণমূলের নেতা-কর্মীরাও সেভাবে ভাগ হয়ে যাবে।

বরিশালের বানারিপাড়া উপজেলার সাবেক ভাইস চেয়ারম্যান ও আওয়ামী লীগ নেতা শরিফুদ্দিন আহমেদ কিসলু বলেন,"এবার দলীয়ভাবে নির্বাচন না হওয়ায় প্রার্থী অনেক বেশি হবে। অনেকেই তাদের জনপ্রিয়তা যাচাই করতে নামবেন। আমাদের উপজেলায় আওয়ামী লীগ থেকেই চেয়ারম্যান পদে একাধিক প্রার্থী হচ্ছেন। এর ফলে তৃণমূল আওয়ামী লীগে দ্বন্দ্ব ও বিভেদ বাড়বে।" তার কথায়, "তারপরও দলের এই সিদ্ধান্তের কারণে নির্বাচন প্রতিযোগিতামূলক হবে এবং ভোট কেন্দ্রে ভোটারের উপস্থিতি বাড়বে।" তিনি বলেন," আগে স্থানীয় সরকারের

নির্বাচনে কেউ দলীয় মনোনয়ন নিয়ে বৈতরণি পার হতেন। এবার আর তা হবেনা। ভোট নিরপেক্ষ ও অবাধ হলে জনপ্রিয় প্রার্থীরা পাস করবেন। যারা সব সময় সাধারণ মানুষের সঙ্গে থাকেন তারা সুবিধা পাবেন।" আর উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক জাকির সরদার জানান," এরইমধ্যে আমার উপজেলায় আওয়ামী লীগ থেকে চেয়ারম্যান পদে চারজন প্রার্থী মাঠে নেমেছেন। বর্তমান চেয়ারম্যানসহ থানা আওয়ামী লীগের গুরুত্বপূর্ণ পদে আছেন তারা।" তিনি বলেন," এরইমধ্যে উপজেলা আওয়ামী লীগে বিভাজন, গ্রুপিং শুরু হয়ে গেছে। যার যার মতো মাঠে নেমেছেন। হুমকি ধামকি শুরু হয়ে গেছে।" এক প্রশ্নের জবাবে তিনি বলেন," এই পরিস্থিতি সারাদেশে। আওয়ামী লীগ থেকে অনেক প্রার্থী। দলীয় মনোনয়ন এবার তুলে দেয়ায় যে যার মতো দাঁড়িয়ে যাচ্ছেন। এতে সংঘাত- সংঘর্ষেরও আশঙ্কা আছে।" পিরোজপুরের নাজিরপুর উপজেলা আওয়ামী লীগের সাবেক প্রচার সম্পাদক ও উপজেলা ভাইস চেয়ারম্যান শেখ মোস্তাফিজুর রহমান মনে করেন," এমপি-মন্ত্রীরা যার যার এলাকায় তাদের প্রার্থীদের জয়ী করতে নানাভাবে প্রভাব বিস্তারের চেষ্টা করতে পারেন। তারা চাইবেন তাদের অনুসারীরা যাতে জিতে আসেন। এ বিষয়ে কেন্দ্র থেকে তাদের বিরত করতে স্পষ্ট নির্দেশনা থাকা দরকার।" তারও কথা, "নির্বাচনে এবার আওয়ামী লীগ থেকে একই পদে অনেক প্রার্থী।

২০১৯ সালের উপজেলা পরিষদ নির্বাচনে বিএনপি অংশ নেয়নি। আওয়ামী লীগ দলীয় প্রতীকে অংশ নেয়। তারপরও প্রায় প্রত্যেক উপজেলায় আওয়ামী লীগের বিদ্রোহী প্রার্থী ছিল। ৩২ শতাংশ উপজেলায় আওয়ামী লীগের বিদ্রোহী প্রার্থীরা স্বতন্ত্র হিসাবে নির্বাচন করে জয়ী হয়। আর ওই নির্বাচনে ১১৫ জন আওয়ামী লীগের প্রার্থী বিনা ভোটে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন। আর নির্বাচনে ভোটার উপস্থিতি ছিল খুবই কম। আর বিএনপির হাতেগোনা কয়েকজন দলের সিদ্ধান্তের বাইরে গিয়ে স্বতন্ত্র হিসাবে অংশ নেন। আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক অ্যাডভোকেট আফজাল হোসেন বলেন, "এবার দলীয়ভাবে আমাদের কোনো প্রার্থী থাকছেনা। এটা আওয়ামী লীগ সভাপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর সিদ্ধান্ত। দলের যে কেউ নির্বাচনে অংশ নিতে পারবেন। এখন এটা নিয়ে যদি কেউ গ্রুপিং, কোন্দল বা সংঘাত তৈরি করে তাদের বিরুদ্ধে দলের গঠনতন্ত্র অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে। জননেত্রী শেখ হাসিনার সিদ্ধান্তের বাইরে গিয়ে কিছু করা যাবে না।" এক প্রশ্নের জবাবে তিনি বলেন," নির্বাচনে দলীয় কোনো মনোনয়ন না থাকায় প্রতিদ্বন্দ্বিতা ভালো হবে। অনেক প্রার্থী হবে। ভোটাররা তাদের পছন্দের প্রার্থী বেছে নিতে পারবেন। আর ভোটারের উপস্থিতিও বাড়বে।"

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনেও বিএনপি অংশ না নেয়ায় আওয়ামী লীগ দলীয় প্রার্থী দেয়ার পাশাপাশি দল থেকে স্বতন্ত্রদের উৎসাহিত করেছে নির্বাচন প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ করতে ও ভোটার উপস্থিতি বাড়তে। এদিকে বিএনপির তৃণমূলে কথা বলে জানা গেছে, কিছু এলাকায় কেউ কেউ উপজেলায় প্রার্থী হতে আগ্রহী হলেও তারা পরিস্থিতি পর্যবেক্ষণ করছে। এর আগে উপজেলায় এবং পৌরসভায় যারা দলের সিদ্ধান্তের বাইরে গিয়ে প্রার্থী হয়েছেন তাদের বহিষ্কার করা হয়েছে। বিজয়ী হয়েও তারা বহিস্কার এড়াতে পারেননি। রাজশাহী পুটিয়া পৌরসভার মেয়র এবং উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক মামুন খান বলেন," আমি ধানের শীষ নিয়ে মেয়র হয়েছি ২০২০ সালে। তখন পৌর নির্বাচনে দল অনুমতি দিয়েছিলো। কিন্তু এবার উপজেলা পরিষদে দল অনুমতি দিচ্ছেনা। কেউ প্রার্থী হলে তাকে বহিষ্কার করা হবে।" আর বিএনপির আইন বিষয়ক সম্পাদক ব্যারিস্টার কায়সার কামাল বলেন," দেশের মানুষের এই সরকারের অধীনে নির্বাচনে কোনো আগ্রহ নাই। এই সরকারের অধীনে কোনো সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন হবেনা। তাই বিএনপিরও উপজেলা নির্বাচন নিয়ে কোনো আগ্রহ নাই।" (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৪.০৩.২০২৪ রিহাব)

## রেডিও টুডে

### সম্মিলিত সমরাস্ত্র প্রদর্শনীর উদ্‌বোধন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

রাজধানীর জাতীয় প্যারেড স্কয়ারে স্বাধীনতা দিবস এবং জাতীয় দিবস উপলক্ষ্যে আয়োজিত সম্মিলিত সমরাস্ত্র প্রদর্শনের উদ্‌বোধন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। রোববার সকালে ফিতা কেটে বেলুন উড়িয়ে তিনি প্রদর্শনীর উদ্‌বোধন করেন। আইএসপিআরের সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, প্রদর্শনী ২৬ শে মার্চ থেকে ৩০ শে মার্চ সকাল ১০ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত সবার জন্য খোলা থাকবে। এতে বাংলাদেশে সেনা, নৌ ও বিমান বাহিনী তাদের সমরাস্ত্র সরঞ্জাম প্রদর্শন করে। এ উপলক্ষ্যে বিমান বাহিনীর যুদ্ধ বিমান ফ্লাই পাস্ট এবং অনুষ্ঠান স্থলে হেলিকপ্টার থেকে সেনাবাহিনীর প্যারেড ট্রোপারদের সফল অবতরণ প্রত্যক্ষ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

(রেডিও টুডে:২১৪৫ ঘ. ২৪.০৩.২০২৪ এলিনা)

### গাজায় অবিলম্বে যুদ্ধ বিরতির দাবি জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

গাজায় অবিলম্বে যুদ্ধ বিরতির দাবি জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ঢাকা সফররত ফিলিস্তিনের ফতেহ আন্দোলনের মহাসচিব লেফটেন্যান্ট জেনারেল জেব্রিল আল রজবের সঙ্গে বৈঠকের পর তিনি এই দাবি জানান। রোববার সকালে প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে এই বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকের পর প্রধানমন্ত্রীর স্পিচ রাইটার মোহাম্মদ নজরুল ইসলাম সাংবাদিকদের ব্রিফ করেন। তিনি জানান, গাজায় ইসরাইলি হামলার বিষয়ে নিরব

অবস্থানের জন্য মানবাধিকার সংগঠনগুলোর কঠোর সমালোচনা করেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, এটি এক ধরনের ভণ্ডামি। এ সময় গাজায় বেসামরিক প্রাণহানির ঘটনায় দুঃখ প্রকাশ করেন প্রধানমন্ত্রী।
(রেডিও টুডে:২১৪৫ ঘ. ২৪.০৩.২০২৪ এলিনা)

## শহিদ বুদ্ধিজীবীদের চতুর্থ তালিকা প্রকাশ করেছে সরকার

একাত্তরের মহান মুক্তিযুদ্ধে গণহত্যার শিকার জাতির সূর্যসন্তান শহীদ বুদ্ধিজীবীদের চতুর্থ তালিকা প্রকাশ করেছে সরকার। ফলে এই নিয়ে দেশে শহীদ বুদ্ধিজীবীর সংখ্যা দাঁড়ালো ৫৬০ জনে। জাতীয় গণহত্যা দিবসের আগের দিন রোববার সাংবাদিকদের এই তথ্য জানিয়েছেন মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক। চতুর্থ পর্যায়ে ১১৮ জনের নাম যুক্ত করা হয়েছে। মোজাম্মেল হক বলেন, ৫৬০ জনের তালিকাযই শেষ নয়, আরো রিভিউ করার সুযোগ আছে। আগামী শহিদ বুদ্ধিজীবী দিবস অর্থাৎ ১৪ই ডিসেম্বরের মধ্যেই পূর্ণাঙ্গ তালিকা প্রকাশ করা হবে বলে জানান তিনি।(রেডিও টুডে:২১৪৫ ঘ. ২৪.০৩.২০২৪ এলিনা)

## জলবিদ্যুৎ আমদানিতে ভুটানের সঙ্গে আলোচনা চলছে : হাছান মাহমুদ

ভুটান থেকে জলবিদ্যুৎ আমদানিতে আলোচনা চলছে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ডক্টর হাছান মাহমুদ। তিনি বলেছেন, এরই মধ্যে প্রাথমিক চুক্তি স্বাক্ষরিত হয়েছে। রোববার দুপুরে ভুটানের রাজা জিগমে খেসার নামগিয়েল ওয়াংচুকের বাংলাদেশ সফর নিয়ে আয়োজিত ব্রিফিং এ কথা জানান তিনি। পররাষ্ট্রমন্ত্রী বলেন, ভুটান থেকে প্রায় ২৫ হাজার মেগাওয়াট বিদ্যুৎ আমদানির সম্ভাবনা রয়েছে। তবে এক্ষেত্রে ভারতের সঙ্গে আলোচনা করতে হবে। তাই বাংলাদেশ, ভারত ও ভুটানের মধ্যে ত্রিপক্ষীয় চুক্তির মাধ্যমে এই জলবিদ্যুৎ চুক্তি চূড়ান্ত হবে বলে জানান ডক্টর হাছান মাহমুদ। (রেডিও টুডে:২১৪৫ ঘ. ২৪.০৩.২০২৪ এলিনা)

## মহাখালীর কড়াইল বস্তিতে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে

রাজধানীর মহাখালীর কড়াইল বস্তিতে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। রোববার বিকেল চারটার দিকে অগ্নিকাণ্ডের খবর পাওয়া যায়। টানা দুই ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে। ফায়ার সার্ভিসের নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার লিমা খানম জানান, বিকেল চারটা পাঁচ মিনিটে আমাদের কাছে আগুন লাগার খবর আসে। সংবাদ পেয়ে আমাদের দশটি ইউনিট ঘটনাস্থলে গিয়ে আগুন নিয়ন্ত্রণে কাজ করে। প্রাথমিকভাবে আগুন লাগার কারণ ও ক্ষয়ক্ষতির পরিমাণ জানা যায়নি। (রেডিও টুডে:২১৪৫ ঘ. ২৪.০৩.২০২৪ এলিনা)

## দাবি আদায় না হওয়া পর্যন্ত শান্তিপূর্ণ আন্দোলন চালিয়ে যাবে বিএনপি

দাবি আদায় না হওয়া পর্যন্ত বিএনপি শান্তিপূর্ণ আন্দোলন চালিয়ে যাবে বলে কূটনীতিকদের জানিয়েছেন দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, আন্তর্জাতিক মানদন্ড অনুযায়ী ৭ জানুয়ারি বাংলাদেশের নির্বাচন হয়নি। এ সময় ২৮ অক্টোবরের পর বিএনপি নেতা কর্মীদের উপর দমন-পীড়নের অভিযোগ তোলেন তিনি। রোববার রাজধানীর একটি হোটেলে কূটনীতিকদের সম্মানে ইফতার ও দোয়া কর্মসূচি পালনে বিএনপি মহাসচিব এ কথা বলেন। এই কর্মসূচিতে অংশ নেন যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য ও ভারতসহ ঢাকাস্থ বিভিন্ন দেশের রাষ্ট্রদূত ও হাইকমিশনের কর্মকর্তারা। জামিনে মুক্তি পাওয়ার পর এই প্রথম কোনো দলীয় কর্মসূচিতে অংশ নেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। এ সময় ফখরুল আরো বলেন, বাংলাদেশ গভীর অর্থনৈতিক ও রাজনৈতিক সংকটে চলছে। ভোট ঘিরে বাংলাদেশে গণগ্রেপ্তারের বিষয়টিও তুলে ধরেন মির্জা ফখরুল। তিনি কূটনিকদের জানান, বিএনপি তাদের নির্বাচনকালীন নিরপেক্ষ সরকারের দাবিতে আন্দোলন অব্যাহত রাখবে।
(রেডিও টুডে:২১৪৫ ঘ. ২৪.০৩.২০২৪ এলিনা)

## সাড়ে আট ঘণ্টায়ও নিয়ন্ত্রণে আসেনি টি কে গ্রুপে লাগা আগুন

এদিকে মুন্সিগঞ্জের গজারিয়ায় টিকে গ্রুপের মালিকানাধীন একটি সুপার বোর্ড কারখানায় ভয়াবহ আগুন সাড়ে আটও ঘণ্টায় নিয়ন্ত্রণে আসেনি। রোববার দুপুর শোয়া একটার দিকে উপজেলার হোসেনদি ইউনিয়নের জামালদি এলাকায় এই ঘটনা ঘটে। আগুন লাগা সাড়ে আট ঘণ্টা পার হলেও এখনো নিয়ন্ত্রণে কাজ করছে ফায়ার সার্ভিসের বারোটি ইউনিট।
(রেডিও টুডে:২১৪৫ ঘ. ২৪.০৩.২০২৪ এলিনা)

## মালিবাগে নির্মানাধীন ভবনে কাজ করার সময় এক শ্রমিকের মৃত্যুর ঘটনা ঘটেছে

রাজধানীর মালিবাগে নির্মাণাধীন ভবনে কাজ করার সময় মাটিসহ ক্রেন ধসে এক শ্রমিকের মৃত্যু হয়েছে। এই ঘটনায় আহত হয়েছেন আরো অন্তত পাঁচজন। রোববার বিকেলে মালিবাগ রেলগেট বিশ্বরোড সংলগ্ন এলাকায় এই দুর্ঘটনা ঘটে। (রেডিও টুডে:২১৪৫ ঘ. ২৪.০৩.২০২৪ এলিনা)

## রায়হান সিদ্দিকী জামিন আবেদন নামঞ্জুর করেছেন আদালত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী অবন্তিকার আত্মহত্যার ঘটনায় তার মায়ের দায়ের করা মামলায় সহপাঠী রায়হান সিদ্দিকী আম্মানের জামিন আবেদন নামঞ্জুর করেছেন আদালত। রোববার আম্মান সিদ্দিকীর পক্ষে তার আইনজীবীরা জামিন আবেদন করলে কুমিল্লার সিনিয়ার জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ আবু বকর সিদ্দিক তা নামঞ্জুর করেন। এর আগে গ্রেফতার আম্মান সিদ্দিকীর দুই দিনের রিমান্ড শেষে তাকে কারাগারে প্রেরণের নির্দেশ দেন আদালত।

(রেডিও টুডে:২১৪৫ ঘ. ২৪.০৩.২০২৪ এলিনা)

**প্রশান্ত কুমার রায়কে জামিন না দিয়ে কারাগারে পাঠানোর আদেশ দিয়েছেন আদালত**

জ্ঞাত আয় বহির্ভূত সম্পদ অর্জনের মামলায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সাবেক সচিব প্রশান্ত কুমার রায়কে জামিন না দিয়ে কারাগারে পাঠানোর আদেশ দিয়েছেন আদালত। রোববার ঢাকা মহানগর জ্যেষ্ঠ বিশেষ জজ আদালত জগলুল হোসেন এই আদেশ দেন। একটি বাড়ি একটি খামার প্রকল্পের সাবেক পরিচালক প্রশান্ত কুমারের বিরুদ্ধে জ্ঞাত আয় বহির্ভূত এক কোটি পঁচিশ লাখ চল্লিশ হাজার দু'শো সাতচল্লিশ টাকার সম্পদ অর্জনের অভিযোগ রয়েছে। ২০২৩ সালের ৫ই জুন ঢাকায় এই মামলা করেন দুদকের উপ-পরিচালক মোঃ মশিউর রহমান।

(রেডিও টুডে:২১৪৫ ঘ. ২৪.০৩.২০২৪ এলিনা)

**প্যারোলে মুক্তি পেয়ে মায়ের জানাজায় অংশ নিয়েছেন আবু সাঈদ চাঁদ**

আড়াই ঘণ্টার জন্য প্যারোলে মুক্তি পেয়ে মায়ের জানাজায় অংশ নিয়েছেন প্রধানমন্ত্রীকে হত্যার হুমকি দেওয়া বিএনপি নেতা আবু সাঈদ চাঁদ। রোববার দুপুরে রাজশাহী চারঘাট উপজেলার ষোলোয়া ইউনিয়নের মানিলায় নিজ গ্রামে মায়ের জানাজায় অংশ নেন তিনি। রাজশাহী কেন্দ্রীয় কারাগারে সিনিয়র জেল সুপার আব্দুল জলিল বলেন, মায়ের মৃত্যুর পর জানাজায় অংশ নিতে আবু সাঈদ চাঁদ আবেদন করেন। মানবিক কারণে আবেদনটি বিবেচনায় নিয়ে আড়াই ঘণ্টার জন্য তাকে প্যারোলে মুক্তি দেওয়া হয়। দুপুর ১২ টার দিকে কড়া নিরাপত্তায় তাকে মায়ের জানাজায় নিয়ে যাওয়া হয়। দুপুর ২:১৬ মিনিটে তাকে কারাগারে নেওয়া হয়। (রেডিও টুডে:২১৪৫ ঘ. ২৪.০৩.২০২৪ এলিনা)

**এমভি আব্দুল্লাহ জাহাজের উপর সতর্ক নজর রাখছে ভারতীয় নৌবাহিনী: ভারতীয় নৌ প্রধান**

সোমালি জলদস্যুদের কবলে পড়া বাংলাদেশী জাহাজ এমভি আব্দুল্লাহর উপর ভারতীয় নৌবাহিনী সতর্ক নজর রাখছে বলে জানিয়েছেন দেশটির নৌ প্রধান এডমিরাল আর হরি কুমার। শনিবার নয়া দিল্লিতে এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। একই সঙ্গে ভারত মহাসাগরীয় অঞ্চলকে আরো নিরাপদ করতে দক্ষিণ এশিয়ার এই দেশটি পদক্ষেপ নেবে বলে জানিয়েছেন তিনি। ভারতীয় বার্তা সংস্থা পিটিআইয়ের বরাত দিয়ে রোববার এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে সংবাদ মাধ্যম এনডিটিভি। প্রতিবেদনে বলা হয়েছে ভারতীয় নৌবাহিনী নিরাপদ এবং আরো সুরক্ষিত ভারত মহাসাগরীয় অঞ্চল নিশ্চিত করার জন্য ইতিবাচক পদক্ষেপ নেবে বলে বাহিনীটির প্রধান এডমিরাল হরি কুমার জানিয়েছেন। নয়া দিল্লির নবনির্বিত নৌ সেনা ভবনে সংবাদ সম্মেলনে ভারতীয় নৌবাহিনীর এই প্রধান বলেন আপনারা যেমন জানেন এমভি আব্দুল্লাহ নামের এই জাহাজ হাইজ্যাক করে সোমালিয়ায় নিয়ে যাওয়া হয়েছে তাই আমরা এখন এটির উপর সতর্ক নজর রাখছি। (রেডিও টুডে:১৩৪৫ঘ. ২৪.০৩.২০২৪ আসাদ)

**ঈদযাত্রায় আজ ট্রেনের আগাম টিকিট বিক্রি শুরু হয়েছে**

আজ থেকে ঈদযাত্রায় ট্রেনের আগাম টিকিট বিক্রি শুরু হয়েছে। রোববার সকাল আটটা থেকে রেলওয়ের ওয়েবসাইট ও মোবাইল অ্যাপের মাধ্যমে টিকিট বিক্রি শুরু হয়। গতবারের মতো এবারও ঈদ যাত্রায় শতভাগ টিকিট অনলাইনে বিক্রি হবে। প্রথম দিনে আজ দেয়া হচ্ছে ৩ এপ্রিল যাত্রার টিকিট। এছাড়া আগামীকাল ২৫ মার্চে দেয়া হবে ৪ এপ্রিলের টিকিট, ২৬ শে মার্চ দেয়া হবে ৫ এপ্রিলের টিকিট, ২৭ শে মার্চে ৬ এপ্রিলের টিকিট, ২৮ শে মার্চ দেয়া হবে ৭ এপ্রিল টিকিট, ২৯ শে মার্চে ৮ এপ্রিলের টিকিট, ৩১ শে মার্চে ৯ এপ্রিলের টিকিট, এবং চাঁদ দেখা সাপেক্ষে ১০, ১১ ও ১২ এপ্রিলের বিক্রি করা হবে। আর ফিরতি টিকিট বিক্রি শুরু হবে ৩ এপ্রিল থেকে। প্রতিবছর পাঁচ দিন আগ থেকে ঈদের টিকিট দেয়া হলেও এবার বিক্রি হবে ৭দিনের। একজন সর্বোচ্চ চারটি টিকিট নিতে পারবেন। বিকৃত টিকিট ফেরত নেয়া হবে না। (রেডিও টুডে:১৩৪৫ঘ. ২৪.০৩.২০২৪ আসাদ)

**ঈদের আগে খুলে দেওয়া হলো বিআরটির ৭ ফ্লাইওভার**

বাস র‌্যাপিড ট্রানজিট বিআরটি লাইন-৩ প্রকল্পের আওতায় ঢাকা-গাজীপুর রুটে নির্মিত সাতটি ফ্লাইওভার আনুষ্ঠানিকভাবে যান চলাচলের জন্য উন্মুক্ত করে দেয়া হয়েছে। সড়ক পরিবহনও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের রোববার সচিবালয়ে তার কার্যালয় থেকে ভার্চুয়ালি ফ্লাইওভার গুলো উদ্বোধন করেন। এ সময় তিনি বলেন এগুলো যাত্রীদের জন্য ঈদ উপহার। মানুষের ঈদ যাত্রা নির্বিঘ্ন করতে আমরা এই ফ্লাইওভারগুলো খুলে দিয়েছি। এ সময় বিএনপি'র সমালোচনা করে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন বিএনপি নেতারা ব্যর্থতার জন্য নিজেরা ক্লান্ত, কর্মীরা হতাশ। তাদের নেতাদের মধ্যে কথার মিল নেই। বর্জনের কথা বলে বিএনপি অর্জন নষ্ট করতে চায় বলেও মন্তব্য করেন তিনি। (রেডিও টুডে:১৩৪৫ঘ. ২৪.০৩.২০২৪ আসাদ)

**গাজীপুরের কালিয়াকৈরে গ্যাস সিলিন্ডার থেকে অগ্নিকাণ্ডের ঘটনায় দগ্ধ আরো একজন মারা গেছেন**

গাজীপুরের কালিয়াকৈরে গ্যাস সিলিন্ডার লিকেজ থেকে আগুনের ঘটনায় আরো একজন মারা গেছেন। এ নিয়ে ঘটনাটিতে ১৬ জনের মৃত্যু হল। রোববার ভোর রাত সাড়ে তিনটার দিকে দগ্ধ লালন নিয়া শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের আই সি ইউ তে মারা যান। তার মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন ইনস্টিটিউটের জরুরি বিভাগের আবাসিক সার্জন ডা. তরিকুল ইসলাম। তিনি বলেন লালনের শরীরের ৪৫ শতাংশ পুড়ে গিয়েছিল। পোশাক

কর্মী লালন কালিয়াকৈরের তেলির চালা এলাকায় স্ত্রী সাবিনা খাতুন ও একমাস বয়সী মেয়েকে নিয়ে থাকতেন। এই ঘটনায় লালনের নানি শাশুড়ি কমলা বেগম গত বুধবার মারা গেছেন। (রেডিও টুডে:১৩৪৫ঘ. ২৪.০৩.২০২৪ আসাদ)

### নারায়ণগঞ্জের গাউছিয়ার কাঁচা বাজারে লাগা আগুন নিয়ন্ত্রণ এসেছে

নারায়ণগঞ্জের রূপগঞ্জের গাউছিয়া কাঁচাবাজারের আগুন নিয়ন্ত্রণে এসেছে। আজ রোববার ভোর ৬টার দিকে আগুন নিয়ন্ত্রণে আসে বলে জানান ঢাকা ফায়ার সার্ভিসের উপ-পরিচালক মো. ছালেহ উদ্দিন। তিনি জানান, শনিবার দিবাগত রাত ৩টার দিকে গাউছিয়া কাঁচাবাজারে অগুন লাগে। খবর পেয়ে কাঞ্চন, পূর্বাচল, আড়াইহাজার ও ডেমরা, নারায়ণগঞ্জ, ঢাকা ফায়ার সার্ভিসের মোট ১০টি ইউনিট ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করে। ৩ ঘণ্টা চেষ্টা চালিয়ে আগুন নেভানা হয়েছে। আগুনে বাজারের প্রায় সবগুলো দোকান পুড়ে ছাই হয়ে গেছে। বৈদ্যুতিক শর্টসার্কিট থেকে অগ্নিকাণ্ডের সূত্রপাত হয়েছে বলে ধারণা করছে ফায়ার সার্ভিস। প্রত্যক্ষদর্শীরা জানান, শনিবার দিবাগত রাত ৩টার দিকে গাউছিয়া টিন মার্কেটে আগুনের সূত্রপাত ঘটে। অল্প সময়ের মধ্যে আগুন পুরো মার্কেটে ছড়িয়ে পড়ে। এতে মার্কেটের টিন, হার্ডওয়ারের দোকান, ওষুধ, মুদি মালামাল, তেল-মবিল, টায়ার টিউব ও কাঁচামালের দোকানসহ কমপক্ষে ২৬০টি দোকান ও ভেতরের সব মালামাল পুড়ে ছাই হয়ে যায়। খবর পেয়ে কাঞ্চন, পূর্বাচল, আড়াইহাজার ও ডেমরা, নারায়ণগঞ্জ, ঢাকা ফায়ার সার্ভিসের মোট ১০টি ইউনিট ৩ ঘণ্টা চেষ্টা চালিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে। ততক্ষণে প্রায় সব দোকান পুড়ে যায়। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২৪.০৩.২০২৪ আসাদ)

### রাজধানীতে শনিবার মধ্যরাতে ব্যাপক ঝড় শিলাবৃষ্টি হয়েছে

রাজধানী ঢাকায় মধ্যরাতে কালবৈশাখি ঝড় হয়েছে। শনিবার দিবাগত মধ্যরাত শোয়া দুইটা থেকে শুরু হয় এই ঝড়। চলে প্রায় ৩০ মিনিট। ঝড়ের সাথে ব্যাপক শিলাবৃষ্টি দেখা যায়। বাংলা ক্যালেন্ডারে চৈত্র মাসে এ বছরে এটি তৃতীয় ঝড়। ঝড়ের সঙ্গে রাজধানীর বিভিন্ন জায়গায় থেমে থেমে বৃষ্টি হয়েছে। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২৪.০৩.২০২৪ আসাদ)

## জাগো এফএম

### ‘এক কাপড়ে দাঁড়ায়ে আছি, ক্যামনে বাঁচমু’

রাজধানীর কড়াইল বস্তির বাসিন্দা শামসুন্নাহার। কিছুদিন আগে মেয়ের বিয়ে দিয়েছেন। এখন স্বামী ও ছোট ছেলেকে নিয়ে তার সংসার। নিজে মানুষের বাসাবাড়িতে কাজ করেন। স্বামী সিটি করপোরেশনের ময়লা পরিষ্কারের কাজে নিয়োজিত। দুজনে যা উপার্জন করেন সংসার খরচ মিটিয়ে তা থেকেই কিছু সঞ্চয় করেছিলেন। কিন্তু সর্বগ্রাসী আগুনে তাদের জমানো টাকা পুড়ে ছাই হয়ে গেছে। রোববার (২৪ মার্চ) বিকেলে কড়াইল বস্তিতে লাগা আগুনে নিজেদের কাপড়-চোপড়, ছেলের বই ও কষ্টের জমানো অর্থ সব পুড়ে গেছে। সর্বস্ব খুইয়ে এখন চোখে অন্ধকার দেখছে পরিবারটি। শামছুন্নার জাগো নিউজকে বলেন, ‘আমাগো আর কিছু রইলো না। কী নিয়া বাঁইচা থাকমু। পোলাডা মাদরাসায় পড়ে। ওর বই-খাতা পুড়ে ছাই। নিজেগো খ্যাতা-বালিশও কিচ্ছু নাই। রাইতে থাকনের জায়গাটুকুও শ্যাষ হয়ে গেল। এহন এক কাপড়ে দাঁড়ায়ে আছি, ক্যামনে বাঁচমু।’ কথাগুলো বলতে বলতে বারবার কান্নায় মুর্ছা যাচ্ছিলেন শামসুন্নাহার। কড়াইল বস্তিতে লাগা আগুনে প্রায় ৫০০ পরিবারের ঘর পুড়ে ছাই হয়েছে। আগুন নিয়ন্ত্রণে এলেও বস্তিজুড়ে পড়ে আছে শুধুই পোড়া টিন আর ইট। (জাগো এফএম ওয়েব পেজ:২৪.০৩.২০২৪ রিহাব)

### কড়াইল বস্তির আগুন নিয়ন্ত্রণে

রাজধানীর কড়াইল বস্তিতে লাগা আগুন নিয়ন্ত্রণে এসেছে। আগুন নিয়ন্ত্রণে কাজ করে ফায়ার সার্ভিসের ১২ ইউনিট। তবে আগুন নিয়ন্ত্রণে আসার আগেই বস্তির অনেক ঘর পুড়ে ছাই হয়ে যায়। রোববার (২৪ মার্চ) বিকেল ৪টা ১০ মিনিটে আগুন লাগার খবর পায় ফায়ার সার্ভিস। পরে ফায়ার সার্ভিসের ১২ ইউনিটের চেষ্টায় বিকেল ৪টা ৩৩ মিনিটে আগুন নিয়ন্ত্রণে আসে। ফায়ার সার্ভিসের ডিউটি অফিসার লিমা খানম জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, রাজধানীর কড়াইল বস্তিতে বিকেল ৪টা ১০ মিনিটের দিকে আগুন লাগার খবর আসে। খবর পেয়ে ফায়ার স্টেশন থেকে প্রথমে ৮ ইউনিট রওয়ানা হয়। বিকেল সাড়ে ৪টা পর্যন্ত ৩টি ইউনিট ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করে। এরপর ধাপে ধাপে মোট ১২ ইউনিট ঘটনাস্থলে গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে। প্রাথমিকভাবে আগুন লাগার কারণ ও হতাহতের কোনো তথ্য জানাতে পারেননি ফায়ার সার্ভিসের এই কর্মকর্তা।
(জাগো এফএম ওয়েব পেজ:২৪.০৩.২০২৪ রিহাব)

### কোনো কাজ করে না ৪০ শতাংশ তরুণ

শিক্ষা, কর্মে কিংবা প্রশিক্ষণে নেই দেশে এমন তরুণের হার ৩৯ দশমিক ৮৮ শতাংশ। যদিও এই হার কিছুটা কমেছে। ২০২২ সালে এই হার ছিল ৪০ দশমিক ৬৭ শতাংশ। রোববার (২৪ মার্চ) রাজধানীর আগারগাঁওয়ে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো অডিটোরিয়ামে ‘বাংলাদেশ স্যাম্পল ভাইটাল স্ট্যাটিসটিকস ২০২৩’ফলাফল প্রকাশ অনুষ্ঠানে এ তথ্য জানানো হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পরিসংখ্যান ব্যুরোর মহাপরিচালক মোহাম্মদ মিজানুর রহমান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিকল্পনা প্রতিমন্ত্রী মো. শহীদুজ্জামান সরকার। বিশেষ অতিথি ছিলেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব ড. শাহনাজ আরেফিন ও পরিসংখ্যান অধিদপ্তরের মহাপরিচালক সাহান আরা বানু। প্রতিবেদনে জীবনের দৈনন্দিন নানান চিত্র তুলে ধরা হয়। প্রতিবেদনে বলা হয়েছে, ২০২২ সালের জনশুমারি অনুযায়ী

দেশের মোট জনসংখ্যা ছিল ১৬ কোটি ৯৮ লাখ। চলতি বছরের জানুয়ারি মাসে দেশের জনসংখ্যা দাঁড়িয়েছে ১৭ কোটি ১৫ লাখ। তবে ২০১১ সালের আদম শুমারি ভিত্তিতে দেশের জনসংখ্যা ১৭ কোটি ৩৫ লাখ। সংস্থাটির দেওয়া তথ্য অনুযায়ী, বাংলাদেশে সর্বশেষ চূড়ান্ত জনসংখ্যা ছিল ১৬ কোটি ৯৮ লাখ ২৮ হাজার ৯১১ জন। ফলে দেশে নতুন করে জনসংখ্যা বেড়েছে ১৭ লাখ ৬১ হাজার ৮৯ জন। দেশে মোট জনসংখ্যার ১০ তশমিক ২২ শতাংশের বয়স শূন্য থেকে ৪ বছর। ৫ থেকে ১৪ বছর বয়সী ১৮ দশমিক ৫৬ শতাংশ, ১৫ থেকে ২৪ বছর বয়সী ১৮ দশমিক ৬৭ শতাংশ, ২৫ থেকে ৩৯ বছর বয়সী ২২ দশমিক ২৮ শতাংশ। এছাড়া ৪০ থেকে ৪৯ বছর বয়সী ১১ দশমিক ৮৭ শতাংশ, ৫০ থেকে ৫৯ বছর বয়সী ৮ দশমিক ৯৩ শতাংশ, ৬০ থেকে ৬৪ বছর বয়সী ৩ দশমিক ৩৩ শতাংশ এবং ৬৫ বছরের অধিক বয়সী ৬ দশমিক ১৪ শতাংশ। ২০২৩ সালে জন্মের সময় প্রত্যাশিত আয়ুষ্কাল পরিসংখ্যানিকভাবে অপরিবর্তিত রয়েছে, যা ৭২ দশমিক ৩ বছর। জনসংখ্যার স্বাভাবিক বৃদ্ধির হার এক দশমিক ৩৩ শতাংশ, যা ২০২২ সালে ছিল এক দশমিক ৪০ শতাংশ। লিঙ্গ অনুপাত কিছুটা নিম্নমুখী, যা ২০২৩ সালে দাঁড়িয়েছে ৯৬ দশমিক ৩ শতাংশ এবং নির্ভরশীলতার অনুপাত ৫৩ দশমিক ৭ শতাংশ। প্রতিবেদনে বলা হয়, সারাদেশে ৫৫ দশমিক ৬৯ শতাংশ পরিবারে নিরাপদ টয়লেট বা শৌচাগার সুবিধা রয়েছে। এর মধ্যে সবচেয়ে কম ৩৭ দশমিক ৯২ শতাংশ রয়েছে বরিশাল বিভাগে। আর সবচেয়ে বেশি নিরাপদ শৌচাগার সুবিধা ঢাকায়। ঢাকা বিভাগে এ হার ৬৮ দশমিক ৮৯ শতাংশ।

(জাগো এফএম ওয়েব পেজ:২৪.০৩.২০২৪ রিহাব)

## যথাসময়ে কাজ শেষ করতে প্রকল্প পরিচালকদের নির্দেশ শিল্পমন্ত্রীর

প্রকল্পের কাজ যথাসময়ে শেষ করতে সংশ্লিষ্টদের নির্দেশনা দিয়েছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। রোববার রাজধানীর মতিঝিলে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ২০২৩-২৪ অর্থবছরের মার্চ মাসের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন পর্যালোচনা সভায় এ নির্দেশনা তিনি। মন্ত্রী কর্মপরিকল্পনা অনুযায়ী গুণগতমান বজায় রেখে দ্রুত প্রকল্পগুলোর অগ্রগতি শতভাগ নিশ্চিত এবং যথাসময়ে কাজ শেষ করতে প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্টদের নির্দেশনা দেন। তিনি এক্ষেত্রে নিবিড় মনিটরিং ও টিমওয়ার্কের ওপর গুরুত্বারোপ করেন। প্রকল্প পরিচালকরা প্রকল্পগুলোর কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার প্রতিশ্রুতি ব্যক্ত করেন। সভায় জানানো হয়, ফেব্রুয়ারি পর্যন্ত প্রকল্পভিত্তিক আর্থিক বরাদ্দের ভিত্তিতে বাস্তবায়ন অগ্রগতি ৩১ দশমিক ৫৯ শতাংশ, যা জাতীয় অগ্রগতির (৩১ দশমিক ১৭ শতাংশ) চেয়ে সামান্য বেশি। ২০২৩-২৪ অর্থবছরে শিল্প মন্ত্রণালয়ের অধীন তিনটি কারিগরিসহ ২৬টি প্রকল্পের জন্য মোট বরাদ্দ ২ হাজার ৮২৩ কোটি ১২ লাখ টাকা। বরাদ্দকৃত অর্থের মধ্যে জিওবি খাতে ২ হাজার ২০২ কোটি ৩৪ লাখ টাকা, প্রকল্প সাহায্য ৮ কোটি ২২ লাখ টাকা ও স্ব-অর্থায়ন ৬১২ কোটি ৫৬ লাখ টাকা। শিল্প মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিব নতুন প্রকল্পগুলোর ফিজিবিলিটি স্টাডি দ্রুত সম্পন্ন করতে নির্দেশনা দেন। একই সঙ্গে এডিপি পর্যালোচনা সভায় গণপূর্ত অধিদপ্তরের সংশ্লিষ্ট প্রকৌশলীদের উপস্থিতি নিশ্চিত করতে অনুরোধ করেন। বিজ্ঞাপন সভায় বিসিআইসি, বিসিক, বিএসইসি, বিএসটিআই, বিএসএফআইসি, বিটাক, এনপিও, বিআইএম-সহ শিল্প মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন সংস্থার প্রধানরা সশরীরে এবং প্রকল্প পরিচালকরা অনলাইনে যুক্ত হন। (জাগো এফএম ওয়েব পেজ:২৪.০৩.২০২৪ রিহাব)

## মস্কোর কনসার্টে হামলার ঘটনায় প্রধানমন্ত্রীর শোক

মস্কোর কনসার্টে ভয়াবহ সন্ত্রাসী হামলায় হতাহতের ঘটনায় গভীর শোক জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনকে দেওয়া এক শোকবার্তায় তিনি এ শোক প্রকাশ করেন। প্রধানমন্ত্রী এই হামলার তীব্র নিন্দা জানিয়ে একে সমগ্র মানব সভ্যতা ও মানবিক মূল্যবোধের ওপর হামলা হিসেবে অভিহিত করেছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা হামলায় নিহত সবার আত্মার শান্তি কামনা করেন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান। শুক্রবার (২২ মার্চ) মস্কোর কাছে একটি কনসার্টে ভয়াবহ হামলার ঘটনা ঘটে। হামলায় নিহতের সংখ্যা বেড়ে ১৩৩ জনে দাঁড়িয়েছে। এই হামলার দায় স্বীকার করেছে জঙ্গিগোষ্ঠী আইএসের শাখা ইসলামিক স্টেট খোরাসান (আইএসআই-কে)। এমন বর্বরোচিত হামলার নিন্দায় সরব গোটা বিশ্ব। জাতিসংঘ, ইউরোপীয় ইউনিয়নের মতো বৈশ্বিক সংস্থাগুলো থেকে শুরু করে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, সৌদি আরবের মতো দেশগুলো হতাহতদের জন্য দুঃখপ্রকাশ এবং দোষীদের বিচারের আওতায় আনার দাবি জানিয়েছে।

(জাগো এফএম ওয়েব পেজ:২৪.০৩.২০২৪ রিহাব)

## গৃহায়ন ও গণপূর্তমন্ত্রীর সঙ্গে ফরাসি রাষ্ট্রদূতের সাক্ষাৎ

গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা র আ ম উবায়দুল মোকতাদির চৌধুরীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ঢাকায় নিযুক্ত ফরাসি রাষ্ট্রদূত মারি মাসদুপুই। রোববার (২৪ মার্চ) সচিবালয়ে মন্ত্রীর অফিস কক্ষে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। সাক্ষাৎকালে জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবিলা, নির্মাণখাতে সবুজায়ন, পরিবেশ সুরক্ষাসহ এ সংক্রান্ত বিভিন্ন বিষয়ে পারস্পরিক সহযোগিতার বিভিন্ন দিক নিয়ে আলোচনা হয়। আলোচনা শেষে কার্বন নিঃসরণ হ্রাস ও জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবিলায় বাংলাদেশকে সহযোগিতার আশ্বাস দেন রাষ্ট্রদূত। গত ৭-৮ মার্চ প্যারিসে ৭০টি দেশের চৌদ্দশ প্রতিনিধি 'বিল্ডিং অ্যান্ড গ্লোবাল ফোরাম ২০২৪' এ মিলিত হন। ফোরামে ফ্রান্স সরকারের আমন্ত্রণে গৃহায়ন ও গণপূর্তমন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধিদল অংশগ্রহণ করে। ফোরামে কপ-২৮ সম্মেলনের সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন, কার্বন নিঃসরণ হ্রাস এবং পরিবেশ সুরক্ষা নিশ্চিত করতে ৯ দফা সিদ্ধান্ত সম্বলিত

Declaration de Chaillot গৃহীত হয়। এ ঘোষণার আলোকে ফ্রান্স ও বাংলাদেশ সরকারের পারস্পরিক সহযোগিতার বিষয়ে সাক্ষাতে বিস্তারিত আলোচনা হয়। (জাগো এফএম ওয়েব পেজ:২৪.০৩.২০২৪ রিহাব)

## ‘স্মার্ট বাংলাদেশ’ নির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে ইসি

বাংলাদেশকে ‘স্মার্ট বাংলাদেশ’-এ রূপান্তরের কাজ দ্রুতগতিতে এগিয়ে চলেছে এবং নির্বাচন কমিশন (ইসি) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে বলে জানিয়েছেন নির্বাচন কমিশনার বিগ্রেডিয়ার জেনারেল (অব.) মো. আহসান হাবিব খান। রোববার (২৪ মার্চ) নির্বাচন কমিশন সচিবালয়ের আইডেন্টিফিকেশন সিস্টেম ফর এনহ্যান্সিং এক্সেস টু সার্ভিসেস-আইডিইএ (২য় পর্যায়) প্রকল্পের আয়োজিত কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব বলেন। কর্মশালায় ইসি সচিব মো. জাহাংগীর আলম, অতিরিক্ত সচিব অশোক কুমার দেবনাথ, আইডিইএ প্রকল্প পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল আবুল হাসনাত মোহাম্মদ সায়েম, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউটের মহাপরিচালক এসএম আসাদুজ্জামান, আইডিইএ প্রকল্পের অতিরিক্ত প্রকল্প পরিচালক মুহাম্মদ হাসানুজ্জামান এবং সিস্টেম ম্যানেজার, সিনিয়র জেলা/জেলা নির্বাচন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। ইসি আহসান হাবিব জানান, স্বাধীনতার মাস মার্চ। আমি গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছি স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। যার ৭ মার্চের ঐতিহাসিক ভাষণে উদ্বুদ্ধ হয়েছিল দেশের স্বাধীনতাকামী জনগণ। আমি সশ্রদ্ধচিত্তে স্মরণ করছি অমর শহিদদের ও বীর মুক্তিযোদ্ধাদের, যাদের অসীম সাহস ও আত্মত্যাগের বিনিময়ে অর্জিত হয়েছে আমাদের স্বাধীনতা। তিনি জানান, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে নির্বাচন কমিশন সচিবালয়ের এনআইডি অনুবিভাগ ও আইডিইএ প্রকল্পের (২য় পর্যায়) মাধ্যমে দেশে-বিদেশে বাংলাদেশি নাগরিকদের জাতীয় পরিচয়পত্র সেবা, স্মার্ট জাতীয় পরিচয়পত্র, ভোটার তালিকা হালনাগাদ ও প্রস্তুতে কারিগরি সহায়তা করতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। এ কর্মকাণ্ডের মাধ্যমে নির্বাচন কমিশন স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের অগ্রযাত্রায় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। জ্যেষ্ঠ এ নির্বাচন কমিশনার বলেন, নাগরিকের তথ্য/উপাত্ত সংশোধন আবেদন সিএমএস-এ স্বয়ংক্রিয়ভাবে ‘আবেদনের ধরন/ক্যাটাগরি’ দিতে হবে। যেন সম্মানিত নাগরিকদের দ্রুত সেবা নিশ্চিত করা যায়। উপজেলা পর্যায়ে নাগরিকদের বায়োমেট্রিক যাচাই করার সুবিধা চালু করতে হবে। এ কাজে বর্তমানে একজন নাগরিককে জেলা পর্যায়ে আসতে হয়। এ সেবাটি সহজ করে উপজেলা থেকে দেওয়া সম্ভব হলে বিপুল সংখ্যক নাগরিকের ভোগান্তি লাঘব হবে। বিজ্ঞাপনে তিনি বলেন, আমি আশা করি দুদিনব্যাপী এ কর্মশালায় বিস্তারিতভাবে আলোচিত হবে এবং সংশ্লিষ্ট সমস্যাসমূহ ও এর উত্তরণের উপায় বেরিয়ে আসবে। (জাগো এফএম ওয়েব পেজ:২৪.০৩.২০২৪ রিহাব)

## ২২ দিনে রেমিট্যান্স এলো ১৫২০৮ কোটি টাকা

চলতি (মার্চ) মাসের প্রথম ২২ দিনে দেশে বৈধপথে ১৪১ কোটি ৪৪ মার্কিন ডলারের রেমিট্যান্স বা প্রবাসী আয় পাঠিয়েছেন প্রবাসী বাংলাদেশিরা। দেশীয় মুদ্রায় যার (প্রতি এক ডলার সমান ১১০ টাকা ধরে) পরিমাণ প্রায় ১৫ হাজার ২০৮ কোটি টাকা। এ হিসাবে ২২ দিনে দৈনিক গড়ে রেমিট্যান্স এসেছে ৬ কোটি ৪২ লাখ ডলার বা ৭০৭ কোটি টাকা। বাংলাদেশ ব্যাংকের তথ্য বলছে, চলতি মাসের ২২ দিনে ব্যাংকিং চ্যানেলে ১৪১ কোটি ৪৪ লাখ ৫০ হাজার ডলার রেমিট্যান্স এসেছে। যার মধ্যে রাষ্ট্রীয় মালিকানাধীন ব্যাংকগুলোর মাধ্যমে এসেছে ১৮ কোটি ২৫ লাখ ডলার বা ২ হাজার ৭ কোটি ৫০ লাখ টাকা, বিশেষায়িত একটি ব্যাংকের মাধ্যমে ২ কোটি ১৫ লাখ মার্কিন ডলার বা ২৭৫ কোটি টাকার বেশি, বেসরকারি ব্যাংকগুলোর মাধ্যমে ১২০ কোটি ৪৮ লাখ ডলার বা ১৩ হাজার ২৫৩ কোটি টাকা এবং বিদেশি ব্যাংকগুলোর মাধ্যমে এসেছে ৫৭ লাখ ১০ হাজার মার্কিন ডলার। রেমিট্যান্স প্রবাহের এ ধারা অব্যাহত থাকলে চলতি মাসে তা ২ বিলিয়ন ডলার ছাড়িয়ে যেতে পারে। এর আগে চলতি বছরের প্রথম মাস জানুয়ারিতে ২১০ কোটি বা ২ দশমিক ১০ বিলিয়ন ডলার রেমিট্যান্স এসেছিল। দ্বিতীয় মাস ফেব্রুয়ারিতে আসে ২১৬ কোটি ৬০ লাখ ডলার। ২০২৩ সালের শেষ মাস ডিসেম্বরে এসেছিল ১৯৯ কোটি ডলারের রেমিট্যান্স। গত বছরের প্রথম মাস জানুয়ারিতে রেমিট্যান্স এসেছিল ১৯৫ কোটি ৮৮ লাখ ডলার, ফেব্রুয়ারিতে আসে ১৫৬ কোটি ডলার, মার্চে ২০২ কোটি, এপ্রিলে ১৬৮ কোটি, মে মাসে ১৬৯ কোটি, জুনে ২২০ কোটি, জুলাইয়ে ১৯৭ কোটি, আগস্টে ১৫৯ কোটি ৯৪ লাখ, সেপ্টেম্বর মাসে ১৩৩ কোটি, অক্টোবরে ১৯৭ কোটি, নভেম্বর মাসে ১৯৩ কোটি ডলার এবং শেষ মাস ডিসেম্বরে আসে ১৯৯ কোটি ডলার রেমিট্যান্স। ২০২০ সালে হুন্ডি বন্ধ থাকায় ব্যাংকিং চ্যানেলে সর্বোচ্চ সংখ্যক রেমিট্যান্স এসেছিল। বিদায়ী ২০২২-২৩ অর্থবছরে ব্যাংকিং চ্যানেলে প্রবাসীরা পাঠিয়েছেন ২ হাজার ১৬১ কোটি মার্কিন ডলারের রেমিট্যান্স। এটি এ যাবৎকালের মধ্যে দ্বিতীয় সর্বোচ্চ। এর আগে করোনাকালীন ২০২০-২১ অর্থবছরে সর্বোচ্চ দুই হাজার ৪৭৭ কোটি ডলারের রেমিট্যান্স এসেছিল দেশে। (জাগো এফএম ওয়েব পেজ:২৪.০৩.২০২৪ রিহাব)

## ভোটার ফেরাতে দলীয় প্রতীকবিহীন ভোট, সাফল্য কতটা?

নির্বাচন জমজমাট ও অংশগ্রহণমূলক করতে স্থানীয় সরকার নির্বাচনে দলীয় প্রতীকে ভোট থেকে সরে আসে সরকার। অতীত থেকে শিক্ষা নিয়ে দলীয় প্রতীকবিহীন নির্বাচনে ভোটার উপস্থিতি বাড়ানো ছিল মূল লক্ষ্য। তবে বাড়েনি ভোটার উপস্থিতি। বেড়েছে আওয়ামী লীগের প্রার্থী। সংসদ নির্বাচনের পর নতুন এ সিদ্ধান্তে ভোটার বরং আরও কমেছে। এ বিষয়ে আওয়ামী লীগ নেতারা বলছেন, ইভিএমের কারণে ভোটার উপস্থিতি হয়তো কম হয়েছে। তবে, আসন্ন উপজেলা

নির্বাচনে ভোটার উপস্থিতি বাড়বে বলে আশা প্রকাশ করেন তারা। গত ৯ মার্চ কুমিল্লা ও ময়মনসিংহ সিটি করপোরেশন নির্বাচন হয়। এ দুই সিটির ভোট বিশ্লেষণে দেখা যায়, এ দুই সিটির আগের নির্বাচন হয়েছিল দলীয় প্রতীকে। এবার হয়েছে দলীয় প্রতীকবিহীন। এবারের নির্বাচনে প্রার্থী সংখ্যা বাড়লেও ভোটার উপস্থিতি বাড়েনি। বরং কুমিল্লা সিটিতে ২০ শতাংশ ভোটার উপস্থিতি কমেছে। ময়মনসিংহে কমেছে ২ শতাংশ। নির্বাচন কমিশনের তথ্যমতে, কুমিল্লা সিটি করপোরেশনে দুই লাখ ৪২ হাজার ৪৫৮ জন ভোটার। এ নির্বাচনে ভোট পড়েছে ৯৪ হাজার ১১৫টি। ভোট প্রদানের হার ৩৮ দশমিক ৮২ শতাংশ। কুমিল্লা সিটি নির্বাচনে ৪৮ হাজার ৮৯০ ভোট পেয়ে মেয়র নির্বাচিত হয়েছেন তাহসীন বাহার সূচনা। নিকটতম প্রতিদ্বন্দ্বী মো. মনিরুল হক সাক্কু পেয়েছেন ২৬ হাজার ৮৯৭ ভোট। এছাড়া মোহাম্মদ নিজাম উদ্দিন কায়সার পেয়েছেন ১৩ হাজার ১৫৫ ভোট। আরেক প্রার্থী নূর-উর রহমান মাহমুদ তানিম জামানত হারিয়েছেন। অথচ, এর আগে ২০২২ সালে কুমিল্লা সিটি করপোরেশনের (কুসিক) তৃতীয় নির্বাচনে ভোট পড়েছিল ৫৮ দশমিক ৭৪ শতাংশ। ওই নির্বাচনে মেয়র নির্বাচিত হন নৌকা প্রতীকের আরফানুল হক রিফাত। সে সময় কুমিল্লা সিটিতে ভোটার সংখ্যা ছিল ২ লাখ ২৯ হাজার ৯২০। নৌকার প্রার্থী আরফানুল হক রিফাত পান ৫০ হাজার ৩১০ ভোট। নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপির বহিষ্কৃত নেতা স্বতন্ত্র প্রার্থী মনিরুল হক সাক্কু পান ৪৯ হাজার ৯৬৭ ভোট। বিএনপির আরেক বহিষ্কৃত নেতা নিজামউদ্দিন কায়সার ঘোড়া প্রতীক নিয়ে পান ২৯ হাজার ৯৯ ভোট। কুসিকের দুই নির্বাচনের ফল বিশ্লেষণে দেখা যায়, ২০২২ সালের তুলনায় ২০২৪ সালে ভোটার উপস্থিতি ২০ শতাংশ কমেছে। অথচ ২০২২ সালের তুলনায় ২০২৪ সালের নির্বাচনে প্রতিদ্বন্দ্বী বেশি। অনেকটা একই অবস্থা ময়মনসিংহ সিটিতে। ময়মনসিংহ সিটি করপোরেশন নির্বাচনে এবার মোট ভোটার ছিল ৩ লাখ ৩৬ হাজার ৪৯৬। নির্বাচনে ভোট পড়েছে ৫৬ দশমিক ৩০ শতাংশ। এবার ১২৮ কেন্দ্রের সবকটিতেই ভোটগ্রহণ হয়েছে ইভিএমে। নির্বাচনে ইকরামুল হক টিটু এক লাখ ৩৯ হাজার ৬০৪ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী সাদেকুল হক খান মিল্কী পেয়েছেন ৩৫ হাজার ৭৬৩ ভোট। বাকি তিন প্রার্থী এহতেসামুল আলম, মো. রেজাউল হক ও শহিদুল ইসলাম জামানত হারিয়েছেন। রিটার্নিং কর্মকর্তার কার্যালয় সূত্রে জানা যায়, ময়মনসিংহ সিটি করপোরেশনে মোট ৩৩টি ওয়ার্ড। এবারের নির্বাচনে মেয়র পদে ৫ প্রার্থী ছাড়াও সংরক্ষিত কাউন্সিলর পদে প্রার্থী ছিলেন ৬৯ জন। এছাড়া সাধারণ কাউন্সিলর পদে প্রতিদ্বন্দ্বিতা করেন ১৪৯ প্রার্থী। প্রতিদ্বন্দ্বী প্রার্থী না থাকায় এক ওয়ার্ডের কাউন্সিলর বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন। তবে বেশির ভাগ ওয়ার্ডেই প্রার্থী ছিলেন চার থেকে ছয়জন। সর্বোচ্চ আটজন প্রার্থী ছিলেন তিন ওয়ার্ডে। এর আগে ২০১৯ সালে মেয়র পদে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন ইকরামুল হক টিটু। এরপরও ওই নির্বাচনে ভোট পড়েছিল ৫৮ শতাংশ। গত নির্বাচনের তুলনায় এবার ভোটার উপস্থিতি কমেছে দুই শতাংশ। এবার ৫৬ শতাংশ ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করেন। প্রতীকবিহীন ভোটে লাভ হলো নাকি ক্ষতি? এমন প্রশ্নে ময়মনসিংহ সিটি করপোরেশনের মেয়র ও মহানগর আওয়ামী লীগের সভাপতি ইকরামুল হক টিটু জাগো নিউজকে বলেন, ‘দলের অভিভাবক প্রধানমন্ত্রী শেখ হাসিনা নির্বাচন উৎসবমুখর ও অংশগ্রহণমূলক করার জন্য এই নির্বাচনে দলীয় প্রতীক, সমর্থন বা মনোনয়ন- কোনোটাই দেননি। যে কারণে ভোটে প্রার্থী বেড়েছে। ভোটাররাও অধিক সংখ্যক প্রার্থী থেকে তাদের প্রতিনিধি নির্বাচন করতে পেরেছেন। ফলে বলা যায়, এটি আমাদের দলের একটি ভালো সিদ্ধান্ত, ইতিবাচক সিদ্ধান্ত। আমি মনে করি প্রধানমন্ত্রী বিচার বিশ্লেষণ করে যে সিদ্ধান্ত দিয়েছেন তা বর্তমান প্রেক্ষাপটে সঠিক। আবার কখনো যদি পরিস্থিতি বিবেচনা করে সিদ্ধান্ত পরিবর্তন করেন, সেটিই চূড়ান্ত। আমরা সবাই তা মেনে নিয়েই কাজ করবো।’ কুমিল্লা সিটি করপোরেশনের নবনির্বাচিত মেয়র ও মহানগর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক তাহসীন বাহার সূচনা জাগো নিউজকে বলেন, ‘দলীয় প্রতীক থাকলে ভালো হতো, যেহেতু আমরা দল করি। আমার বাবাও দলীয় প্রতীক নিয়েই নির্বাচন করে বার বার সংসদ সদস্য হয়েছেন। এর আগে কুমিল্লা সিটি করপোরেশন নির্বাচনেও দলীয় প্রতীক ছিল। তবে, এবার দলীয় প্রতীক তুলে দেওয়ার সিদ্ধান্তকেও আমি স্বাগত জানাই। নির্বাচনে দলীয় প্রতীক না থাকায় দলের নেতাকর্মী ও সমর্থকদের বাইরেও সাধারণ মানুষের মধ্যে একটা সাড়া পড়েছে। দলমত নির্বিশেষে কুমিল্লার উন্নয়নে ঐক্যবদ্ধ হয়ে তারা প্রতিনিধি নির্বাচন করেন। এবার স্বতঃস্ফূর্ত নির্বাচন হয়েছে।’ নির্বাচনে ভোটার উপস্থিতি কমে যাওয়ার কারণ কী- এমন প্রশ্ন ছিল আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক ও জাতীয় সংসদের হুইপ আবু সাঈদ আল মাহমুদ স্বপনের কাছে। জাগো নিউজকে তিনি বলেন, ‘পৃথিবীতে যে দেশ যত উন্নত সে দেশে নির্বাচনে ভোটার উপস্থিতি তত কম। আমাদের দেশেও এর প্রভাব পড়েছে। এরপরও সম্প্রতি অনুষ্ঠিত স্থানীয় সরকার নির্বাচনে ভোটার উপস্থিতি ৬০ শতাংশ পার করেছে, যা আশাব্যঞ্জক। আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনে ভোটার উপস্থিতি আরও বাড়বে বলে আশা করছি।’ তবে দলটির প্রেসিডিয়াম সদস্য অ্যাডভোকেট কামরুল ইসলাম দুষলেন ইভিএমকে। জাগো নিউজকে তিনি বলেন, ‘ভোটার উপস্থিতি কমার কোনো কারণ নেই। তবে ইভিএমে ভোটগ্রহণ হওয়ায় ভোটার হয়তো কম এসেছে। কারণ ইভিএম স্লো, নানান সমস্যা দেখা দেয়। ইভিএম ছাড়া ভোট হলে এমনটা হতো না।’

(জাগো এফএম ওয়েব পেজ:২৪.০৩.২০২৪ রিহাব)

## ভারতীয় পণ্য বর্জনে জনগণ সমর্থন দিয়েছে: রিজভী

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, আজকের রাজনীতিতে সবচেয়ে সমাদৃত শব্দ ‘ভারতীয় পণ্য বর্জন’। এ পণ্য বর্জন একদিনে সৃষ্টি হয়নি। দীর্ঘদিনের অপমান, বঞ্চনা ও লাঞ্ছনার পরিপ্রেক্ষিতে বাংলাদেশের

জনগণ ভারতীয় পণ্য বর্জনে সমর্থন দিয়েছে। কোনো ব্যক্তি বা গোষ্ঠী এ বর্জনের আহ্বান জানালেও আজ তা সর্বমহলে সমাদৃত। রোববার দুপুরে বিএনপির নয়াপল্টন কার্যালয়ে গণমাধ্যমের উদ্দেশ্যে তিনি এসব কথা বলেন। রিজভী বলেন, আজ ভারত বন্ধুত্বের কথা বলে। অথচ পানির ন্যায্য হিস্যা দেয় না। বন্ধুত্বের কথা বলে প্রতিনিয়ত সীমান্তে বাংলাদেশি হত্যা করা হচ্ছে। এসব অন্যায় ও অবিচারের কারণে বাংলাদেশিদের প্রতিবাদী করে তুলেছে। বাংলাদেশের বাজারে বাণিজ্যে তারা একতরফা আধিপত্য বজায় রেখেছে দীর্ঘদিন। তারা বাংলাদেশকে স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র মনে করলে ভারসাম্যমূলক বাণিজ্য বা অর্থনৈতিক অবকাঠামো গড়ে তুলতো। ভারত কখনোই ব্যবসায়িক নীতি মানেনি। তিনি বলেন, ভারত বাংলাদেশের জনগণের সঙ্গে বন্ধুত্ব না করে একটি রাজনৈতিক দলের সঙ্গে বন্ধুত্ব করেছে। আওয়ামী লীগ জনগণের ভোটাধিকার কেড়ে নিয়েছে। এ অবৈধ সরকারকে সমর্থন দিয়ে যাচ্ছে ভারতের নীতিনির্ধারকরা। এ কারণেই বাংলাদেশের জনগণ ভারতের বিরুদ্ধে বেশি ক্ষুব্ধ হয়েছে। (জাগো এফএম ওয়েব পেজ:২৪.০৩.২০২৪ রিহাব)

## সংবিধানে মধ্যবর্তী নির্বাচন বলতে কিছু নেই: কাদের

বিএনপি ভারতীয় পণ্য বর্জনের নামে আমাদের অর্জনকে ধ্বংস করতে চায় বলে মন্তব্য করেছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। একই সঙ্গে মধ্যবর্তী নির্বাচনের কোনো চিন্তা আছে কি না জানতে চাইলে মন্ত্রী বলেন, সরকার এ ধরনের চিন্তাভাবনা কেন করবে? মন্ত্রী বলেন, এর কোনো যুক্তি নেই, বাস্তবতা নেই। নির্বাচন যখন হওয়ার তখন হবে সংবিধান অনুসারে। আমাদের সংবিধানে মধ্যবর্তী নির্বাচন বলতে কিছু নেই। রোববার (২৪ মার্চ) বেলা ১১টায় সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে বাস র‍্যাপিড ট্রানজিট (বিআরটি, এয়ারপোর্ট-গাজীপুর) প্রকল্পের সওজ অংশের আওতায় নির্মিত সাতটি ফ্লাইওভার যানবাহন চলাচলের জন্য উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। তিনি বলেন, বিএনপির নেতারা আসলে এখন ব্যর্থতার জন্য নিজেরাই ক্লান্ত। তাদের কর্মীরা হতাশ। নেতাদের কারও সঙ্গে কারও কথার মিল দেখিনা। মঈন খান বললেন, গণতন্ত্র উদ্ধারে ভারতকে সহযোগিতা করার জন্য। আবার রিজভী তার চাদর ফেলে দিয়ে আগুনে পুড়িয়ে ভারত বিরোধিতা করছে। তারা আসলে বর্জনের নামে আমাদের অর্জনকে ধ্বংস করতে চায়। আর এটা কী সম্ভব? মন্ত্রী বলেন, বাংলাদেশ ও ভারতের যে অবস্থা, নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের যে লেনদেন, যে আদান-প্রদান হয়ে থাকে, তার মধ্যে এমন বর্জনের প্রস্তাব বাস্তব সম্মত কি না! 'একেক জন একেক কথা বললে কোনো জায়গা থেকে নির্দেশিত হয়ে বলছেন, এমন কথা বলার নির্দেশ থাকেনা। লন্ডন থেকে নাকি অন্য কোনো জায়গা থেকে আদিষ্ট হয়ে বলছেন কি না; তা বলবো কী করে,' যোগ করেন ওবায়দুল কাদের। তিনি বলেন, এখন আমির খসরু বলেন একটা, রিজভী বলেন আরেকটা, আবার মঈন খান বলেন ভিন্ন কথা। বিএনপির একেক নেতা একেক সুরে গেয়েছেন। আমি এখন শুনতে চাইবো, বিএনপির মহাসচিব, তিনি কী বলেন। দলের একজন মুখপাত্র আছেন। দলের মুখপাত্র হিসেবে মির্জা ফখরুল কী বলেন, সেটা শুনতে চাইবো। হাফিজ সাহেব কী বললেন, রিজভী কী বললেন, মঈন খান কী বললেন, আমির খসরু কী বললেন, সেটা না, আমরা মির্জা ফখরুলের কাছে জানতে চাইবো, যেহেতু তিনি মহাসচিব। বিএনপি নেতারা কারও কাছ থেকে নিশ্চিত হয়ে বলেছেন এমন মন্তব্যের জবাবে তিনি বলেন, একেক জন একেক কথা বললে কোনো জায়গা থেকে নির্দেশিত হয়ে বলছেন, এ কথা বলার কোনো উপায় থাকে? একেক জন একেক কথা বললেন। এক সেন্টার থেকে তারা সব শুনছে, তারা লন্ডন থেকে নাকি অন্য কোনো জায়গা থেকে, তাদের ঠিকানা তো লন্ডন, সেখান থেকে শুনলে তো এক কথা শুনবে।
(জাগো এফএম ওয়েব পেজ:২৪.০৩.২০২৪ রিহাব)

# BBC

## GUNMEN ARRESTED AFTER MOSCOW ATTACK: PUTIN

Russian President Vladimir Putin says all four gunmen who carried out a deadly attack at a packed concert venue in Moscow have been arrested. At least 133 people were killed and more than 140 injured when the attackers stormed the building, firing indiscriminately and setting it alight. Authorities said 11 people were detained in total, and the four gunmen were caught while heading to Ukraine. The Islamic State (IS) group says it was behind the attack. (BBC Web Page: 24/03/24, FARUK)

## KYIV HIT BY MULTIPLE BLASTS AS RUSSIA STRIKES UKRAINE

Multiple explosions have hit Kyiv and the whole of Ukraine has been placed on alert as Russia launched a wave of air strikes. The region of Lviv bordering Poland was also targeted and one of the cruise missiles entered Polish airspace, the country's armed forces said. The attacks started in the capital at 05:00. The Ukrainian military said it's air defence systems were engaged in repelling the attack. Serhiy Popko, head of Kyiv's military administration, said about a dozen Russian missiles had been destroyed over the capital and its vicinity. (BBC Web Page: 24/03/24, FARUK)

## ABDUCTORS RELEASE MORE THAN 280 NIGERIAN PUPILS

More than 280 Nigerian pupils abducted in the north-western town of Kuriga earlier this month have been released unharmed, officials say. Kaduna state governor Uba Sani did not

give details of the release, days before a deadline for ransom demanded by the abductors. The children, aged eight to 15, and one teacher, were abducted on 7 March. Kidnap gangs, known as bandits, have seized thousands of people in recent years, especially in the north-west. However, there had been a reduction in the mass abduction of children over the past year until this week. (BBC Web Page: 24/03/24, FARUK)

**UN CHIEF URGES IMMEDIATE CEASEFIRE ON RAFAH VISIT**

UN Secretary General Antonio Guterres has made a renewed call for an immediate ceasefire in Gaza. "It is time to silence the guns," he said, speaking from the Egyptian side of the Rafah crossing with the enclave. He also called on Israel to give "total, unfettered" access to humanitarian goods throughout Gaza. A UN-backed food security assessment this week said 1.1 million people in Gaza were struggling with catastrophic hunger and starvation. It added that a man-made famine in the north was imminent between now and May. (BBC Web Page: 24/03/24, FARUK)

**SENEGAL VOTES IN DELAYED POLL AFTER WEEKS OF TURMOIL**

After weeks of political unrest, people in Senegal are voting for a new president. Seventeen candidates are on the ballot, each hoping to replace President Macky Sall who is barred from running again again after reaching the two-term limit. The election had been due to take place last month but Mr Sall postponed it, triggering deadly opposition protests and a democratic crisis. Senegal had until then been praised as a bastion of democracy in West Africa. Seven million people are eligible to vote in Sunday's election. Among those in the running for Senegal's top job is the governing BBY coalition's candidate, former Prime Minister Amadou Ba, 62. (BBC Web Page: 24/03/24, FARUK)

**IRELAND EXPECTED TO GET YOUNGEST EVER PM TO REPLACE VARADKAR**

Simon Harris is expected to become the new leader of Fine Gael after nominations close later. Mr Harris, who is currently Ireland's minister for further and higher education, was the only candidate to seek the party leadership. He is set to replace Leo Varadkar, who announced on Wednesday he was stepping down as party leader and Irish prime minister. Nominations were to close on Monday, but were brought forward by 24 hours. A memo sent to Fine Gael politicians on Friday said the announcement of the party leader would be made at the conclusion of the party's Midlands North West European selection convention in Athlone on Sunday. (BBC Web Page: 24/03/24, FARUK)

**UKRAINE SAYS IT HIT RUSSIAN LANDING SHIPS IN CRIMEA**

Ukraine says it has hit two landing ships, a communications centre and other infrastructure used by Russia's Black Sea fleet off annexed Crimea. An announcement by the Ukrainian general staff said the Yamal and Azov ships had been destroyed. The Russian-installed governor of the port of Sevastopol said 10 Ukrainian missiles had been shot down. Russia also launched a missile and drone attack on the capital, Kyiv, and the region of Lviv early on Sunday. (BBC Web Page: 24/03/24, FARUK)

**PRO-WEST CANDIDATE BEATS SLOVAKIA PM'S ALLY**

Slovakia's former pro-West Foreign Minister Ivan Korcok and current parliament Speaker Peter Pellegrino will face off in April's presidential election run-off, according to the final results. The liberal Korcok led with 42.44 percent backing with 99.9% of the vote counted, while former Prime Minister Pellegrini earned 37.07 percent, the Slovak Statistical Office said late on Saturday. The result was expected by analysts as the 48-year-old Pellegrini and 59-year-old Korcok toppled the opinion polls before the vote marked by deep divisions on the war in neighbouring Ukraine. (BBC Web Page: 24/03/24, FARUK)

**::The End::**